# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Ashar 08, 1433 Bangla, June 22, 2026, Monday, No. 167, 56th year

## H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has assured to take initiative to release over 2,000 Bangladeshis detained in Malaysian jails. [R. Today: 23]

Finance Minister has informed that government wants to move away from tendency of taking bank loans and walk on path of alternative financing. [R. Today: 21]

Law, Justice and Parliamentary Affairs Minister has said, 23,865 politically motivated cases have been withdrawn. [Jago FM: 17]

Water Resources Minister has said, Bangladesh-India transboundary water sharing agreement is being reviewed. [Jago FM: 17]

State Minister for Public Administration has commented that there is no connection between transfer of Sylhet's DC and income and expenditure of Hazrat Shahjalal (R) and Shahporan (R) shrines. [Jago FM: 19]

Khulna Additional Police Commissioner has been withdrawn following allegations of his controversial remarks. [BBC: 06]

Sada pathor tourist spot has been shut down in Sylhet due to continuous rainfall and onrush of water from upstream. [Jago FM: 14]

Lightning strikes country's six districts including Dhaka, killing 11 people. [R. Today: 23]

Six people including Al Jazeera cameraman have been killed in an Israeli strike in Gaza. [BBC: 25]

U.S. Vice President has termed Iran-U.S. talks in Switzerland to end war as "historic." [BBC: 08]

| | | |
|---|---|---|
| **Director: 44813046** | **Deputy News Controller: 44813048<br>44813179** | **Assistant News Controller: 44813047<br>44813178** |

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**আষাঢ় ০৮, বাংলা ১৪৩৩, জুন ২২, ২০২৬, সোমবার, নং- ১৬৭, ৫৬তম বছর**

# শিরোনাম

মালয়েশিয়ার কারাগারে আটক দুই হাজারের বেশি বাংলাদেশিদের জেল থেকে মুক্ত করতে দেশটির সরকারের সঙ্গে আলোচনার আশ্বাস বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানের। [রে. টুডে: ২৩]

ব্যাংক ঋণ নেওয়ার প্রবণতা থেকে বেরিয়ে, বিকল্প অর্থায়নের পথে হাঁটতে চায় সরকার, বললেন অর্থমন্ত্রী । [রে. টুডে: ২১]

রাজনৈতিক উদ্দেশ্যপ্র ণোদিত ও হয়রানিমূলক ২৩,৮৬৫ টি মামলা প্রত্যাহারের কথা জানিয়েছেন আইন , বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী । [জাগো এফএম: ১৭]

ভারত-বাংলাদেশ আন্তঃসীমান্ত পানি বণ্টন চুক্তি পর্যালোচনা করা হচ্ছে, জানিয়েছেন পানিসম্পদ মন্ত্রী । [জাগো এফএম: ১৭]

সিলেটের ডিসির বদলি ও মাজারের আয়-ব্যয়ের স্বচ্ছতার মধ্যে কোনো সম্পর্ক নেই, বলেছেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী। [জাগো এফএম: ১৯]

বিতর্কিত বক্তব্যের অভিযোগে খুলনার অতিরিক্ত পুলিশ কমিশনার প্রত্যাহার। [বিবিসি: ০৬]

সিলেটের জাফলংয়ে ভেসে গেছে দোকানপাট, সাদা পাথর পর্যটন স্পট বন্ধ ঘোষণা। [জাগো এফএম: ১৪]

ঢাকাসহ দেশের ছয় জেলায় বজ্রপাতে ১১ জনের মৃত্যু। [রে. টুডে: ২৩]

গাজায় ইসরায়েলি হামলায় আল জাজিরার এক ক্যামেরাম্যানসহ ছয়জন নিহত। [বিবিসি: ২৫]

যুদ্ধ বন্ধে সুইজারল্যান্ডে শুরু হওয়া ইরান-যুক্তরাষ্ট্র বৈঠককে "ঐতিহাসিক„ বলে অভিহিত করলে ন যুক্তরাষ্ট্রের ভাইস প্রেসিডেন্ট । [বিবিসি: ০৮]

# বিবিসি

## প্রধানমন্ত্রী হিসেবে প্রথম বিদেশ সফরে মালয়েশিয়ার উদ্দেশ্যে তারেক রহমান

বাংলাদেশের সরকার প্রধান হিসেবে দায়িত্ব নেওয়ার পর প্রথম বিদেশ সফরে মালয়েশিয়ার উদ্দেশ্যে রওয়ানা হয়েছেন তারেক রহমান। দুপুর ২টা ৪৫ মিনিটে তাকে বহনকারী বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ফ্লাইট ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে কুয়ালালামপুরের উদ্দেশ্যে রওয়ানা হয়েছে। মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের আমন্ত্রণে তারেক রহমান মালয়েশিয়া সফর করছেন। প্রধানমন্ত্রী হিসেবে দায়িত্ব নেওয়ার পর এটিই তার প্রথম বিদেশ সফর। রাষ্ট্রীয় সংবাদ সংস্থা বাসস এই তথ্য জানিয়েছে। এতে বলা হয়েছে, মালয়েশিয়া সফর শেষে প্রধানমন্ত্রী তারেক রহমান চীনের প্রধানমন্ত্রী লি কিয়াং -এর আমন্ত্রণে সরাসরি চীন সফর করবেন। প্রধানমন্ত্রীর এই দুই দেশ (মালয়েশিয়া ও চীন) সফরের আগে শনিবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে সংবাদ সম্মেলন করেন পররাষ্ট্র সচিব আসাদ আলম সিয়াম। তিনি জানিয়েছেন, প্রধানমন্ত্রী চীন সফরকালে বাংলাদেশ ও চীনের মধ্যে ১৩টি সমঝোতা স্মারক (এমওইউ), দুটি চুক্তি, একটি কর্মপরিকল্পনা এবং একটি প্রোটোকলসহ ১৫ থেকে ১৭টি দ্বিপাক্ষিক চুক্তি স্বাক্ষরিত হবে বলে আশা করা হচ্ছে। এ সময় বহু প্রতীক্ষিত তিস্তা প্রকল্প নিয়েও আলোচনা হবে। পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, মালয়েশিয়া ও চীনে প্রধানমন্ত্রীর সফরসঙ্গী প্রতিনিধিদল তুলনামূলকভাবে ছোটো রাখা হয়েছে। পররাষ্ট্র সচিব বলেন, এই সফরকে বাংলাদেশের অর্থনৈতিক অংশীদারিত্ব শক্তিশালীকরণ, বিদেশি বিনিয়োগ আকর্ষণ এবং আঞ্চলিক সংযোগ বৃদ্ধির লক্ষ্যে একটি বড়ো কূটনৈতিক উদ্যোগ হিসেবে দেখা হচ্ছে। আগামী ২৫ জুন তারেক রহমান চীনের প্রধানমন্ত্রী লি কিয়াং-এর সঙ্গে দ্বিপাক্ষিক আলোচনা করবেন। সরকারি সফরের অংশ হিসেবে ২৬ জুন চীনের প্রেসিডেন্ট শি জিনপিং-এর সঙ্গেও সাক্ষাতের কথা রয়েছে। সফর শেষে আগামী শুক্রবার দেশে ফেরার কথা রয়েছে প্রধানমন্ত্রী তারেক রহমানের।(বিবিসি ওয়েব পেজ : ২১.০৬.২০২৬ নারগীস)

## ঢাকার বাস টার্মিনাল স্থানান্তরে চ্যালেঞ্জ হতে পারে যে সাত বিষয়

ফ্লাইওভারের ওপর দীর্ঘ যানজট আর নিচে মূল সড়কের পাশ দিয়েই সারিবদ্ধভাবে যাত্রীর অপেক্ষায় দাঁড়িয়ে আছে দূরপাল্লার বাস। নগর পরিবহণ, ব্যক্তিগত পরিবহণ, সিএনজি অটোরিকশা কিংবা ব্যাটারিচালিত রিকশা সব কিছুই জড়ো হয় ফ্লাইওভারের র্যাম্পের আশপাশে। দেশের দক্ষিণ এবং দক্ষিণ-পূর্বাঞ্চলের বিভিন্ন জেলা থেকে যারা সায়েদাবাদ বাস টার্মিনাল হয়ে ঢাকায় প্রবেশ করেন, তাদের কাছে এটি নিয়মিত দৃশ্য। ঢাকার ভেতরে থাকা অন্য বাস টার্মিনালগুলোর আশপাশের সড়কেও যানজটের এমন দৃশ্য নিয়মিত। এমনিতেই অধিক জনসংখ্যা আর গণপরিবহণে অব্যবস্থাপনার কারণে ঢাকা মহানগরীর সড়কগুলোতে নিয়মিত যানজট লেগে থাকে। এর সঙ্গে বাড়তি মাত্রা যোগ করেছে ঢাকার বিভিন্ন পয়েন্টে গড়ে ওঠা দূরপাল্লার বাস কাউন্টারগুলো। আবার বাসের জন্য নির্ধারিত টার্মিনাল এলাকাগুলো ব্যবহার হচ্ছে ডিপো হিসেবে। এমন প্রেক্ষাপটে গত ১৫ জুন, যানজট কমাতে ঢাকার চারটি বাস টার্মিনাল শহরের বাইরে স্থানান্তরের নির্দেশ দিয়েছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান। সরকারের পক্ষ থেকে বলা হচ্ছে, যানজট নিরসনে ফুলবাড়িয়া-গুলিস্তান বাস টার্মিনাল, গাবতলী বাস টার্মিনাল, মহাখালী বাস টার্মিনাল ও সায়েদাবাদ -যাত্রাবাড়ী বাস টার্মিনাল ঢাকা বাইরে নেওয়া হবে। সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী শেখ রবিউল আলম বলছেন, ঢাকার বাস টার্মিনাল ও কাউন্টারগুলোকে একটি কাঠামোর মধ্যে আনতে চায় সরকার। বাস টার্মিনালগুলো সরিয়ে নেওয়ার এই সিদ্ধান্তকে ইতিবাচক হিসেবেই দেখছেন নগর পরিকল্পনাবিদ ও যোগাযোগ বিশেষজ্ঞরা। যদিও এগুলো ঢাকার বাইরে নেওয়ার ক্ষেত্রে সাতটি চ্যালেঞ্জের কথা বিবিসি বাংলাকে জানিয়েছেন নগর পরিকল্পনাবিদ, সড়ক যোগাযোগ বিশেষজ্ঞ এবং পরিবহণ খাত সংশ্লিষ্টরা। তারা বলছেন, বাস টার্মিনাল সরানোর আগে এই প্রস্তুতি বা পদক্ষেপগুলো নেওয়া জরুরি। নয়তো পুরো কার্যক্রমটি কেবল একটি রাজনৈতিক প্রতিশ্রুতি বা বক্তব্য হিসেবেই থেকে যাবে।

**১. বাস্তবায়নের ক্ষেত্রে সমন্বয়**

ঢাকার বাস টার্মিনাল স্থানান্তরের বিষয়ে প্রধানমন্ত্রীর নির্দেশনার পর ঢাকা উত্তর সিটি করপোরেশনের প্রশাসক শফিকুল ইসলাম মিল্টন বিবিসি বাংলাকে বলেছিলেন, প্রাথমিক সিদ্ধান্ত অনুযায়ী ঢাকার মহাখালী, সায়েদাবাদ ও গুলিস্তানের ফুলবাড়িয়া বাস টার্মিনালকে নগরীর বাইরে স্থানান্তর করার সিদ্ধান্ত হয়েছে। কিন্তু পরে যোগাযোগমন্ত্রী গণমাধ্যমকে জানান যে, এই প্রক্রিয়ায় দুই থেকে আড়াই বছর সময় লাগতে পারে। এক্ষেত্রে বাংলাদেশে প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রতার বিষয়টি সামনে আনছেন বিশেষজ্ঞরা। তারা বলছেন, আওয়ামী লীগ সরকারও ঢাকার বাস টার্মিনালগুলো স্থানান্তরের কথা বলেছিল, কিন্তু কাজ হয়নি। বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স-এর সহ-সভাপতি ও নগর পরিকল্পনাবিদ শেখ মুহাম্মদ মেহেদী আহসান বলছেন, প্রকল্পের মেয়াদ বাড়ানো, বাজেট বৃদ্ধি এবং কাজের স্বচ্ছতা না থাকলে যে-কোনো প্রকল্প মুখ থুবড়ে পড়ার অথবা কেবল 'কাগজে-কলমে' সীমাবদ্ধ থাকার ঝুঁকি থাকে। তিনি বলছেন, ঢাকার যানজট কমাতে নির্দিষ্ট পরিকল্পনা ছাড়া কোনো উদ্যোগই সুফল আনবে না। এক্ষেত্রে সরকারের দায়িত্বশীলদের মধ্যে সমন্বয়ের কথাও বলছেন বিশেষজ্ঞরা। মি. আহসান বলছেন, "লোকেশন কোথায়, কতটুকু জায়গা আছে, অন্য

জায়গার সঙ্গে যোগাযোগ ব্যবস্থা কী হবে , এগুলোর সম্ভাব্যতা যাচাই না করে আমাদের দেশে সরকার প্র ধান যখন বলেন, তখনই প্রকল্প শুরু করে দেওয়া হয়। পরে প্রকল্পের কাজ শেষ হয় না , সময় বাড়ে, বাজেট বাড়ে,„ বিবিসি বাংলাকে বলেন তিনি।

**২. অবকাঠামোগত সক্ষমতা**

ঢাকার গাবতলী বাস টার্মিনাল সাভারের হেমায়েতপুরে সরানো হবে , সায়েদাবাদ বাস টার্মিনাল নেওয়া হবে কাঁচপুরে , গুলিস্তান-ফুলবাড়িয়া টার্মিনাল যাবে কেরানীগঞ্জে এবং মহাখালী বাস টার্মিনাল অস্থায়ীভাবে ঢাকার পূর্বাচলে , যা পরবর্তীতে টঙ্গির কাছাকাছি সরিয়ে নেওয়া হবে ; সরকারের পক্ষ থেকে আপাতত এই পরিকল্পনার কথা জানানো হয়েছে। এছাড়া ঢাকার কলাবাগান , কল্যাণপুরসহ যে -সব জায়গায় অস্থায়ী বা স টার্মিনালের মতো তৈরি হয়েছে , সেগুলোও পর্যায়ক্রমে সরিয়ে নেওয়ার কথা জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী শেখ রবিউল আলম। ঢাকার বাইরে যে-সব জায়গায় এই টার্মিনালগুলো নেওয়ার কথা বলা হচ্ছে , সেখানে জমি অধিগ্রহণ , বাস রাখার জায়গা , যাত্রীদের চলাচল ও অপেক্ষা করার ব্যবস্থা সহ নতুন অবকাঠামো নির্মাণের বিষয়টি চ্যালেঞ্জ হিসেবেই দেখছেন বিশেষজ্ঞরা। তারা বলছেন , ঢাকার বাইরে বিশাল আকৃতির আধুনিক টার্মিনাল তৈরির জন্য বিপুল পরিমাণ জমি অধিগ্রহণ করা এবং সেখানে বিভিন্ন রকম সুযোগ -সুবিধা নিশ্চিত করা একটি দীর্ঘমেয়াদি ও ব্যয়বহুল প্রক্রিয়া। এ ক্ষেত্রে শহরের বাইরে যে-সব অবকাঠামো তৈরির কথা বলা হচ্ছে, সেগুলোকে বাস টার্মিনাল হিসেবে বিবেচনায় না নিয়ে বরং বাস ডিপো হিসেবে ব্যবহারের পরামর্শ যোগাযোগ বিশেষজ্ঞদের। "আমরা এখন যেগুলোকে বাস টার্মিনাল বলছি , সেগুলো মূলত ডিপোতে পরিণত হয়েছে। এগুলো যাত্রীদের জন্য ফাং শনাল করলে পরিস্থিতি এমন হতো না ,„ বিবিসি বাংলাকে বলেন মি. হাদিউজ্জামান। তিনি বলছেন, টার্মিনাল ঢাকার বাইরে নিলে সেখানেও একই পরিস্থিতি দাঁড়াবে - অর্থাৎ টার্মিনাল হবে ডিপো , আর যাত্রীর জন্য বাসগুলো অপেক্ষা করবে সড়কে। এক্ষেত্রে যানজট ছড়িয়ে পড়বে মহাসড়কেও। "এগুলোকে ডিপো হিসেবে তৈরি করেন , বাসগুলো ওখানে থাকবে, যখন তার যাত্রী নেওয়ার শিডিউল হবে, তখন সে টার্মিনালে আসবে, যাত্রী নিয়ে চলে যাবে,„ বলেন তিনি।

**৩. টার্মিনাল থেকে ঢাকায় প্রবেশ**

ঢাকার টার্মিনালগুলো সাভারের হেমায়েতপুরে, কাঁচপুর এবং কেরানীগঞ্জের মতো যে -সব জায়গায় নেওয়া হবে, সেসব জায়গার সঙ্গে ঢাকার শাটল বা সংযোগ পরিবহণ ব্যবস্থাকে চ্যালেঞ্জ হিসেবে দেখছেন যোগাযোগ বিশেষজ্ঞরা। তারা বলছেন, দূরপাল্লার যাত্রীরা যখন ঢাকার বাইরে নামবেন, তখন তারা কীভাবে সহজে এবং কম খরচে শহরের ভেতরে ঢুকবেন, সেই সুব্যবস্থা তৈরি করতে হবে। "শহরের মধ্যে আমরা বাসগুলোকে ঠিক করতে পারিনি , তাহলে শহরতলিতে যে যাত্রী নামিয়ে দেব , এই যাত্রীগুলো যে শহরের মধ্যে আসবে তার কানেক্টিভিটি কোথায় ?„ বিবিসি বাংলাকে বলেন যোগাযোগ বিশেষজ্ঞ মি . হাদিউজ্জামান। এক্ষেত্রে টার্মিনালগুলো ঢাকার বাইরে নেওয়ার আগে এই প্রকল্পের সম্ভাব্যতা যাচাইয়ের কথা বলছেন , বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স এর সহ -সভাপতি শেখ মুহাম্মদ মেহেদী আহসান। রাস্তায় যানবাহনের যে চাপ , সেটি কীভাবে কমানো যায় , সে বিষয়ে ভাবতে বলেন তিনি। টার্মিনালের জন্য "যে জায়গাগুলোকে বেছে নেওয়া হচ্ছে , সেগুলো কেন ঠিক , সেই বিষয়টি যাচাই য়ের ক্ষেত্রে বেশিরভাগ ক্ষেত্রেই ভুল হয়, যা পরবর্তীতে ভোগায়,„ বিবিসি বাংলাকে বলেন মি. আহসান।

**৪. যানজটের ঝুঁকি**

বিশ্বের অন্যতম ঘনবসতিপূর্ণ এবং ধীরগতির শহর হিসেবে পরিচিত ঢাকা। যার প্রধান কারণ হিসেবে শহরের ভৌগোলিক বিন্যাস ও অপরিকল্পিত পরিবহণ ব্যবস্থাকেই দায়ী করা হয়। রাজধানীর তিনটি গুরুত্বপূর্ণ প্রবেশপথ ও বাণিজ্যিক এলাকায় অবস্থিত সায়দাবাদ , গুলিস্তান এবং মহাখালী বাস টার্মিনাল দীর্ঘদিন ধরেই ঢাকার অভ্যন্তরীণ যানজটের অন্যতম প্রধান কারণ হিসেবে চিহ্নিত হয়ে আসছে। কিন্তু এই টার্মিনালগুলো সরিয়ে নেওয়ার যে সিদ্ধান্ত নেওয়া হ য়েছে, তাতে নতুন করে যানজটের ঝুঁকিও রয়েছে বলেই মনে করেন বিশেষজ্ঞরা। তারা বলছেন , যে-সব এলাকায় টার্মিনালগুলো তৈরি করা হবে, সেখানকার পরিবহণ ব্যবস্থাপনা এবং কানেক্টিং পরিকল্পনাও আগে তৈরি করতে হবে। যোগাযোগ বিশেষজ্ঞ মি. হাদিউজ্জামান বলছেন, কাঁচপুরে ৫০ জন যাত্রীকে নামিয়ে দেওয়া হলে সেখানে একটি ট্রিপ ভেঙে বিভিন্ন গন্তব্যে প্রায় ৫০টি ট্রিপ হবে, যারা বিভিন্ন ট্রান্সপোর্টের মাধ্যমে ঢাকায় ঢোকার চেষ্টা করবে , তখন যানজট ওইসব এলাকায় বাড়বে। "আমার ধারণা, যানজটটা শহরের মধ্য থেকে শিফট করে শহরের প্রবেশ বা বের হওয়ার মুখে চলে যাবে,„ বিবিসি বাংলাকে বলেন তিনি। বাংলাদেশ সড়ক পরিবহণ মালিক সমিতির নেতা এ এস এম আহাম্মেদ খোকন মনে করেন , বাস টার্মিনাল যেখানেই হোক , সেখানে যদি থ্রি -হুইলার যানবাহন যেমন - রিকশা, সিএনজি অটোরিকশা এগুলো চলাচল করে, তাহলেও পরিস্থিতি একই থাকবে। "আপনি টার্মিনাল সরিয়ে নিলে ন, কিন্তু ঢাকার ভেতরে ঢুকেই ১২ থেকে ১৪ লাখ থ্রি-হুইলার চলছে, ফ্লাইওভারেও জ্যাম পেলেন, তখন কী করবেন ?„ বিবিসি বাংলাকে বলেন তিনি।

**৫. বাস রুট রেশনালাইজেশনে ধীরগতি**

ঢাকার যানজট নিরসনে অতীতেও নানা পদক্ষেপ নেওয়া হয়েছে। যার মধ্যে নগর পরিবহণ চলাচলে শৃঙ্খলা আনতে কোম্পানিভিত্তিক বাস চলাচলের সিদ্ধান্তটি বেশ আলোচিত। বর্তমানের খণ্ডিত ও বিশৃঙ্খল বাস মালিকানা ব্যবস্থা ভেঙে 'একক কোম্পানি ' গঠন প্রক্রিয়াও দীর্ঘ সময় ধরে চলছে। ধারণা ছিল , এর মধ্যদিয়ে ইন্টারসিটি বাস চলাচলে বাসগুলোর মধ্যে প্রতিযোগিতা কমবে এবং ই -টিকিটিং পদ্ধতিতে নিয় ম মেনে বাসগুলো চলাচল করবে। কিন্তু এই পরিকল্পনা নানা কারণে পুরোপুরি বাস্তবায়ন করা সম্ভব হয়নি। বিশেষজ্ঞরা বলছেন, শুধু টার্মিনাল সরলেই ঢাকা যানজট সমস্যার সমাধান হবে না, যদি বাসের রুট ও পরিচালনার পদ্ধতিতে শৃঙ্খলা না আসে। এক্ষেত্রে টার্মিনাল স্থানান্তর এবং রুট রেশনালাইজেশন একে অপরের পরিপূরক বলেই মনে করেন তারা। বাংলাদেশ সড়ক পরিবহণ মালিক সমিতির নেতা এ এস এম আহাম্মেদ খোকন বলছেন , ঢাকার ইন্টারসিটি বাসগুলো কয়েকটি কোম্পানির অধীনে চালানোয় পরিকল্পনাটি সফল হয়নি। "কাউন্টারভিত্তিক ই -টিকিটিং চালু করা হলে ঢাকার যানজট অনেক কমে যেত। কিন্তু ভেন্ডরদের ব্যর্থতার কারণে এই সমস্যা থেকেই গেছে,, বিবিসি বাংলাকে বলেন তিনি।

**৬. মালিক ও শ্রমিক সংগঠনের প্রভাব**

পরিবহণ সেক্টরের শক্তিশালী সিন্ডিকেট এবং শ্রমিক ইউনিয়নগুলোকে এই সিদ্ধান্তের পক্ষে আনা এবং তাদের পুনর্বাসন নিশ্চিত করা একটি বড়ো রাজনৈতিক ও প্রশাসনিক চ্যালেঞ্জ। বিশেষজ্ঞদের কেউ কেউ বলছেন , ঢাকার গণপরিবহণ খাতে প্রভাবশালী মালিক-শ্রমিক সংগঠনগুলোর শক্তিশালী সিন্ডিকেট রয়েছে। টার্মিনাল স্থানান্তরের ফলে রুট পারমিট , চাঁদাবাজি এবং প্রতিদিনের নগদ আয়ের কাঠামোতে পরিবর্তন আসবে , যা অনেকেই মেনে নিতে চাইবেন না বলেও মনে করেন তারা। এক্ষেত্রে, রাজনৈতিক ও ব্যাবসায়িক প্রভাবমুক্ত হয়ে টার্মিনাল স্থানান্তর করা এবং কোম্পানিভিত্তিক বাস পরিচালনা নিশ্চিত করা সবচেয়ে কঠিন রাজনৈতিক চ্যালেঞ্জ বলেই মনে করছেন বিশেষজ্ঞরা। বাংলাদেশ সড়ক পরিবহণ মালিক সমিতির নেতা এ এস এম আহাম্মেদ খো কন অবশ্য বলছেন, ঢাকার যানজট কমাতে সরকারের কার্যক্রমকে সহায়তা করতে চান তারা। যদিও , ঢাকার গণপরিবহণে শৃঙ্খলা ফেরানোর ক্ষেত্রে পরিবহণ সংশ্লিষ্টদের সিন্ডিকেট এবং যে-কোনো দাবি আদায়ে চাপ প্রয়োগের অভিযোগ অতীতেও নানা সময়ে উঠেছে।

**৭. যাত্রীদের নিরাপত্তা**

ঢাকা শহরের বাইরে টার্মিনালগুলোতে যাত্রীদের নিরাপত্তা নিশ্চিতের বিষয়টিকে বড়ো চ্যালেঞ্জ হিসেবেই দেখছে বিশেষজ্ঞরা। যোগাযোগ বিশেষজ্ঞ মি. হাদিউজ্জামান বলছেন, "নাইট কোচগুলো যখন ভোররাতে ওই টার্মিনালে যাত্রী নামিয়ে দেবে বা সেখান থেকে যাত্রা করবে, তখন যাত্রীরা কী করবে, সেখানে নিরাপত্তার একটা বড়ো ঝুঁকি রয়েছে।" এছাড়া, টার্মিনালগুলো যদি কেবল বাস রাখার 'গ্যারেজ' হিসেবেই ব্যবহৃত হয় এবং যাত্রীসেবার আধুনিক মান নিশ্চিত না হয়, তবে যাত্রীরা সেই টার্মিনাল ব্যবহার করতে নিরুৎসাহিত হবেন বলেও মনে করেন তিনি। এক্ষেত্রে নিরাপত্তার পাশাপাশি পর্যাপ্ত ওয়েটিং লাউঞ্জ, খাবার ও স্যানিটেশন ব্যবস্থা থাকা দরকার বলেও মনে করেন তারা।

(বিবিসি ওয়েব পেজ : ২১.০৬.২০২৬ আলী আহমেদ)

## তারেক রহমানের প্রথম বিদেশ সফরে সঙ্গী হয়েছেন কারা?

মালয়েশিয়া ও চীন সফরের উদ্দেশ্যে বাংলাদেশ বিমানের একটি ফ্লাইটে ঢাকা ছেড়েছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান। প্রধানমন্ত্রী হিসেবে তারেক রহমানের প্রথম এই বিদেশ সফরে তার সঙ্গী হয়েছেন ২৫ সদস্যের প্রতিনিধি দল। প্রধানমন্ত্রীর সফর সঙ্গী হিসেবে তারেক রহমানের সাথে যাচ্ছেন তার স্ত্রী জুবাইদা রহমান। সফরকারী দলে আছেন পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান, শ্রম ও কর্মসংস্থানমন্ত্রী আরিফুর রহমান চৌধুরী। এছাড়াও সফরকারী দলে রয়েছেন প্রধানমন্ত্রীর উপদেষ্টা রাশেদ আল মাহমুদ তিতুমীর, বেসামরিক বিমান প্রতিমন্ত্রী রাশিদুজ্জামান মিল্লাত, বিদ্যুৎ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত, প্রধানমন্ত্রীর পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির, প্রধানমন্ত্রীর প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক উপদেষ্টা মাহাদী আমিন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা রেহান আসিফ আসাদ, প্রধানমন্ত্রী বিশেষ সহকারী তানভীর গণি এবং বিডার চেয়ারম্যান চৌধুরী আশিক মাহমুদ বিন হারুন।

(বিবিসি ওয়েব পেজ : ২১.০৬.২০২৬ আলী আহমেদ)

## মামুনুল হককে নিয়ে সংসদে দেওয়া বক্তব্য এক্সপাঞ্জ করলেন স্পিকার

বাংলাদেশ খেলাফত মজলিশের আমির মামুনুল হককে নিয়ে দেওয়া বিএনপির সংসদ সদস্য খন্দকার আবু আশফাকের বক্তব্য এক্সপাঞ্জ করেছে জাতীয় সংসদ। একই সাথে সেই সময় জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ তা র প্রসঙ্গে যে একটি শব্দ ব্যবহার করেছিলেন , সেটিও এক্সপাঞ্জ করা হয়েছে। রোববার বিকেলে বাজেট অধিবেশন শুরুর পর এ নিয়ে কথা বলেন স্পিকার মি . আহমদ। তিনি এসময় বলেন , "গত বৃহস্পতিবার ঢাকা থেকে নির্বাচিত সংসদ সদস্য আবু আশফাক হেফাজতে ইসলামের নেতা মামুনুল হক সম্পর্কে ক থিত পরকীয়া সম্পর্কে দুয়েকটি মন্তব্য করেছেন, যেটি অনভিপ্রেত। যেহেতু যার পক্ষে সংসদে এসে আত্নপক্ষ সমর্থন করার সুযোগ নেই , তার সম্পর্কে বিরূপ মন্তব্য করা অনুচিত। সে জন্য আবু আশফাক সাহেবের মন্তব্য আমি এক্সপাঞ্জ করেছি। " স্পিকার বলেন, "সাথে সাথে আমারও একটি বক্তব্য সেখানে আমি উল্লেখ করেছিলাম কোনও ব্যক্তির জীবনের অন্ধকার অধ্যায় সম্পর্কে আমার

বক্তব্য এসেছিল। সেই অন্ধকারাচ্ছন্ন অধ্যায় সম্পর্কিত সেই বক্তব্যও এক্সপাঞ্জ করা হলো। „ তিনি বলেন, ”ভবিষ্যতে আপনারা সবাই সচেতন থাকবেন। যার পক্ষে এখানে এসে নিজেকে ডিফেন্ট করা সম্ভব নয়, তার উদ্দেশ্যে কোনো বিরূপ মন্তব্য আপনারা করবেন না, এটাই আশা করি।„ (বিবিসি ওয়েব পেজ : ২১.০৬.২০২৬ আলী আহমেদ)

## সিলেটের ডিসি সারওয়ার আলমকে প্রত্যাহার

সিলেটের জেলা প্রশাসক বা ডিসি মো. সারওয়ার আলমকে প্রত্যাহার করা হয়েছে। রোববার জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব জেতী প্রু স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এই তথ্য জানানো হয়েছে। প্রজ্ঞাপনে বলা হয়েছে, সিলেটের জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মি. আলমকে বদলিপূর্বক জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপ-সচিব পদে পদায়ন করা হলো। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে। এর আগে গত বছর অর্থাৎ ২০২৫ সালে জনপ্রশাসন মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে তাকে সিলেটের জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট পদে পদায়ন করা হয়। তবে, ঠিক কী কারণে তাকে প্রত্যাহার করে জনপ্রশাসন মন্ত্রণালয়ে সংযুক্ত করা হয়েছে, সেটি সম্পর্কে কিছু জানানো হয়নি সরকারের পক্ষ থেকে। তবে কয়েকদিন আগে সিলেটের শাহজালাল মাজারের দান বাক্স ব্যবস্থাপনায় স্বচ্ছতা তৈরি করতে উদ্যোগ নেওয়ার পর আলোচনায় এসেছিলেন সিলেটের জেলা প্রশাসক। মাজারের পুরোনো দানবাক্স সিলগালার পাশাপাশি নতুন দানবাক্স বসানো হয়েছিল। সেই সাথে নজরদারি করতে সিসি ক্যামেরাও স্থাপন করা হয়। এ নিয়ে আপত্তি তুলেছিলেন মাজারের কয়েকজন খাদেম। (বিবিসি ওয়েব পেজ : ২১.০৬.২০২৬ আলী আহমেদ)

## বিতর্কিত বক্তব্যের অভিযোগে প্রত্যাহার খুলনার পুলিশ কর্মকর্তা ঠিক কী ঘটেছে?

”দারোগার কাছে কওয়ার পর যদি ইনফরমেশন পাস হয় ইন্সপেক্টর টু আপওয়ার্ড, আমি নিজে মুসলমান হিসেবে কথা দিচ্ছি, ওই ইন্সপেক্টররে এনে ঝুলায়া দিমু আপনেরা পিটায়া মারবেন „ খুলনার এক মতবিনিময় সভার একটি ভিডিওতে এমন কথা বলতে দেখা যায় খুলনার একজন শীর্ষ পুলিশ কর্মকর্তাকে। এ নিয়ে আলোচনা-সমালোচনার মুখে তিনদিনের মাথায় তাকে সেখান থেকে প্রত্যাহার করা হয়েছে। অভিযোগ উঠেছে যে, খুলনার লবণচরা থানার এলাকায় গত ১৭ জুন স্থানীয়দের সঙ্গে আয়োজিত এক মতবিনিময় সভায় ওই বক্তব্য দিয়েছিলেন খুলনা পুলিশের অতিরিক্ত পুলিশ কমিশনার মোহাম্মদ রাশিদুল ইসলাম খান। এই ঘটনার তিনদিন পর, ২০ জুন, শনিবার মি. খানকে বর্তমান কর্মস্থলের দায়িত্বভার অর্পণ করে রোববারই ঢাকায় পুলিশ সদর দপ্তরে রিপোর্ট করার নির্দেশ দেওয়া হয়েছে। পুলিশ মহাপরিদর্শক মো. আলী হোসেন ফকির স্বাক্ষরিত এক অফিসিয়াল আদেশে এই নির্দেশ দেওয়া হয়েছে। তবে, ওই বক্তব্যের কারণেই প্রত্যাহার করা হয়েছে কিনা সেটি উল্লেখ করা হয়নি। এদিকে, নির্দেশ অনুযায়ী, ঢাকায় সদর দপ্তরে যোগদানের জন্য, এরই মধ্যে রোববার সকালে রওনা দিয়েছেন বলে জানান তিনি। এই পুলিশ কর্মকর্তা বিবিসি বাংলার কাছে দাবি করেন, ওই ঘটনার সময় খুলনার সাধারণ মানুষের মাঝে পুলিশের প্রতি ক্ষোভ দেখতে পান তিনি। পরিস্থিতি নিয়ন্ত্রণে মনের অজান্তেই এমন কথা উচ্চারণ করেছেন বলে দাবি করেন তিনি। ”পুলিশের প্রতি সেসময় তাদের কিছুটা ক্ষোভ আমি লক্ষ্য করি, সাধারণ জনগণের মাঝে। সেই পরিস্থিতিকে ট্যাকেল করার জন্য এবং পুলিশের ভাবমূর্তিকে জনগণের কাছে বিশ্বাসযোগ্য আস্থার জায়গায় নিয়ে যাওয়ার জন্য হয়তবা মনের অজান্তে স্লিপ অব টাং এই শব্দটা আমার কাছ থেকে উচ্চারণ হয়েছে,„ বলেন মি. খান।

বাংলাদেশের বিভিন্ন গণমাধ্যম ও সামাজিক যোগাযোগ মাধ্যমে তার বক্তব্যের একটি ভিডিও প্রকাশিত হলে কেবল সাধারণ মানুষই নয় বরং পুলিশের সাবেক কর্মকর্তারাও সামাজিক যোগাযোগ মাধ্যমে বিষয়টি নিয়ে সমালোচনা করেছেন। এমন বক্তব্যে তিনি আইনি প্রক্রিয়ার চরম অবমাননা করেছেন বলে ক্ষোভ জানিয়েছেন কেউ কেউ। ওই পুলিশ কর্মকর্তার এমন মন্তব্যে পেশাদারিত্ব নিয়ে প্রশ্ন তুলেছে বাংলাদেশ পুলিশ এসোসিয়েশন। এক সংবাদ বিজ্ঞপ্তিতে, পুলিশ বাহিনীর সর্বস্তরের সদস্যদের মধ্যে পারস্পরিক সম্মান, পেশাদারিত্ব ও ইতিবাচক কর্মপরিবেশ বজার রাখার আহ্বান জানিয়েছে এই সংগঠনটি। পুলিশের সাবেক সহকারী মহাপরিদর্শক শফিউল ইসলাম মনে করেন, দায়িত্বরত একজন পুলিশ কর্মকর্তা এমন মন্তব্য করতে পারেন না, এটি আইনি প্রক্রিয়ার চরম অবমাননা। ”বাহিনীর কোনো সদস্য যদি অপরাধ বা তথ্য ফাঁস করেন, তবে দেশের প্রচলিত আইন এবং বিভাগীয় শৃঙ্খলা বিধিমালা অনুযায়ী তার চাকরিচ্যুতি বা জেল হওয়ার নিয়ম আছে। কিন্তু একজন কর্মকর্তা কীভাবে আইন নিজের হাতে তুলে নিয়ে ”ঝুলায়ে পেটানোর„ মধ্যযুগীয় হুমকি দেন?„ বলেন পুলিশের সাবেক এই কর্মকর্তা।

### ঠিক কী ঘটেছে এবং যা বলছেন রাশিদুল ইসলাম

খুলনার লবণচরা থানার এলাকায় স্থানীয় লোকজনের সঙ্গে আইন-শৃঙ্খলা সংক্রান্ত এক মতবিনিময় সভায় অংশ নিয়েছিলেন অতিরিক্ত পুলিশ কমিশনার মোহাম্মদ রাশিদুল ইসলাম খান। এই সভায় স্থানীয় নাগরিকরা অভিযোগ করেন, অপরাধীদের বিষয়ে পুলিশকে গোপন তথ্য দিলে পুলিশের ভেতরেরই কিছু অসাধু কর্মকর্তারা সেটি সন্ত্রাসীদের কাছে ফাঁস করে দেয়। স্থানীয়দের এমন ক্ষোভ ও অভিযোগের প্রেক্ষিতে মি. খান তাদের আশ্বস্ত করতে বলেন, ”থানার ওসি টু আপওয়ার্ডের কাছে। দারোগার কাছে কওয়ার দরকার নাই।”

৪২ সেকেন্ডের একটি ভিডিওতে দেখা যা য় মি. খান বলছেন, ”দারোগার কাছে কওয়ার পর যদি ইনফরমেশন পাস হয় ইন্সপেক্টর টু আপওয়ার্ড, আমি নিজে মুসলমান হিসেবে কথা দিচ্ছি, ওই ইন্সপেক্টররে এনে ঝুলায়া দিমু আপনেরা পিটায়া মারবেন।„ এ সময় স্থানীয়রা কাউকে উদ্দেশ্য করে বলছিলেন , স্যার ওনার কথার সত্যতা আছে। সেসময় আ বার এই পুলিশ কর্মকর্তাকে বলতে শোনা যায়, ”আমি অসত্য তো বলি নাই। আপনে সাব-ইন্সপেক্টর টু আপওয়ার্ড গোপন তথ্য দেবেন।„ ডানদিকে থাকা একটি গাছকে লক্ষ্য করে আঙুল তুলে তিনি তাদের কাছে ওয়াদাও করেন। ”আল্লাহ ছাড়া যদি কেউ জানে, আমি আপনাদেরকে ওয়াদা দিতেছি, আল্লাহ ছাড়া যদি কেউ জানে, এই গাছের (পাশের গাছের দিকে আঙুল তুলে নির্দেশ করে দেখান ) তলে ঝুলায়া পিটামু, আমি দিয়া যামু আপনারে ,„ বলেন কেএমপির এই অতিরিক্ত পুলিশ কমিশনার। মি. খান বিবিসি বাংলাকে জানান, পুলিশ নিয়মিতই রুটিন ওয়ার্কের অংশ হিসেবে এমন উঠান বৈঠক করে থাকে। ওই বৈঠকে উপস্থিত খুলনার নাগরিকদের কেউ কেউ তাকে বলেন , পুলিশকে কোনো তথ্য দিলে সেগুলো নিরাপদ থাকে না। সন্ত্রাসীরা তাদের ওপর অত্যাচার , নির্যাতন চালায়। এ সময় নাগরিকরা তথ্য দেওয়ার পর তাদের নিরাপত্তা নিয়ে প্রশ্ন তোলেন বলে জানান তিনি। মি . খান তাদের বক্তব্য উল্লেখ করে ব লেন, ”অনেকদিন ধরে আমরা যখন তথ্য দেই, তখন আমরা এই সমস্ত পরিস্থিতির সৃষ্টি হই। আর আপনি আমাদের কাছ থেকে তথ্য চান , আমাদের নিরাপত্তা কে দেবে ?„ সেসময় খুলনার নাগরিকদের মধ্যে পুলিশের প্রতি ক্ষোভ দেখতে পান বলে দাবি করেন এই পুলিশ কর্মকর্তা। মনের অজান্তেই এমন শব্দ উ চ্চারণ হয়েছে বলে জানান তিনি। তিনি বলেন , ”পুলিশের প্রতি সেসময় তাদের কিছুটা ক্ষোভ আমি লক্ষ্য করি সাধারণ জনগণের মাঝে। সেই পরিস্থিতিকে ট্যাকেল করার জন্য এবং পুলিশের ভাবমূর্তিকে জনগণের কাছে বিশ্বাসযোগ্য আস্থার জায়গায় নিয়ে যাওয়ার জন্য হয়তবা মনের অজান্তে স্লিপ অব টাং এই শব্দটা আমার কাছ থেকে উচ্চারণ হয়েছে।„ তবে, বক্তব্যটি ভাইরাল হওয়ার পর এ ধরনের শব্দ উচ্চারণ করেছেন বলে উপলব্ধি করেছেন উল্লেখ করে মি. খান বলেন, ”যখন এটা ভাইরাল হয়েছে, তখন আমি বুঝতে পেরেছি আমি মনে হয়, এই শব্দটা বলেছি। এখানে আমার কাউকে হেয় প্রতিপন্ন করা , ছোটো করা, অসম্মান করা কিংবা সহকর্মীর পেশাগত -ব্যক্তিগত খারাপ করা আমার উদ্দেশ্য ছিল না। „ অপরাধীদের বিষয়ে সাধারণ জনগণ তথ্য দিলে গোপনীয়তা কেন ভঙ্গ হবে- এমন প্রশ্নে পুলিশের এই কর্মকর্তা বলেন , ”এটা ইনডিভিজ্যুয়াল সমস্যা, এটা কোনো একটা প্রতিষ্ঠানের সমস্যা না। এটা একটা ব্যক্তির সমস্যা, সুতরাং ব্যক্তির সমস্যা কোনো প্রতিষ্ঠান নেবে বলে আমি মনে করি না।„

**”বক্তব্যে সর্বদা পেশাদারিত্ব, সংযম এবং প্রাতিষ্ঠানিক মূল্যবোধের প্রতিফলন থাকা বাঞ্ছনীয়**

পুলিশ অ্যাসোসিয়েশন শনিবার এক বিবৃতিতে , ভবিষ্যতে সকল পর্যায়ের কর্মকর্তা ও সদস্যদের বক্তব্য দেওয়ার সময় আরো সতর্কতা, সংযম ও দায়িত্বশীলতার পরিচয় দেবেন বলে আশা প্রকাশ করেছে। ”যাতে পুলিশ বাহিনীর মর্যাদা , ঐক্য, শৃঙ্খলা ও পেশাদার ভাবমূর্তি আরও সুদৃঢ় হয় „ বলে উল্লেখ করা হয়েছে এই বিবৃতিতে। একইসঙ্গে , বিগত সময়ের বিভিন্ন চ্যালেঞ্জ মোকাবিলা করে এই বাহিনী পেশাদারিত্ব , ধৈর্য ও দায়িত্বশীলতার সঙ্গে জনসেবা দেওয়ার মাধ্যমে জনগণের আস্থা বৃদ্ধির চেষ্টা অব্যাহত রেখেছে বলেও এতে উল্লেখ করা হয়েছে। এই সংগঠনটি মনে করছে , ”পুলিশ বাহিনীর সকল সদস্য ও কর্মকর্তার বক্তব্যে সর্বদা পেশাদারিত্ব, সংযম এবং প্রাতিষ্ঠানিক মূল্যবোধের প্রতিফলন থাকা বাঞ্ছনীয়। জনসম্মুখে প্রদত্ত যে -কোনো বক্তব্য এমন হওয়া উচিত , যা বাহিনীর মর্যাদা , শৃঙ্খলা ও জনগণের আস্থাকে আরও সুদৃঢ় করে। „ খুলনার অতিরিক্ত পুলিশ কমিশনার মোহাম্মদ রাশিদুল ইসলাম খানের বক্তব্যকে কেন্দ্র করে বাহিনীর বিভিন্ন পর্যায়ের সদস্যদের মধ্যে 'নানামুখী প্রতিক্রিয়া পরিলক্ষিত হয়েছে' বলেও বিবৃতিতে জানিয়েছে এই সংগঠনটি। এতে বলা হয়েছে, ”অনেক সদস্য বিষয়টিকে সংবেদনশীল হিসেবে বিবেচনা করে তাদের উদ্বেগ ও মতামত প্রকাশ করেছেন।„ কোনো সদস্যের বিরুদ্ধে অভিযোগ, অনিয়ম বা দায়িত্বে অবহেলার বিষয় থাকলে তা প্রচলিত আইন, বিভাগীয় বিধি-বিধান ও সাংগঠনিক প্রক্রিয়ার মাধ্যমেই নিষ্পত্তি হওয়া উচিত বলে বিশ্বাস করে পুলিশ অ্যাসোসিয়েশন। সংগঠনটি বলছে, ”এ ধরনের বিষয়ে প্রাতিষ্ঠানিক প্রক্রিয়াই সর্বোত্তম ও গ্রহণযোগ্য পন্থা। „ এছাড়া, এই বাহিনীর সর্বস্তরের সদস্যদের মধ্যে পার স্পরিক সম্মান, পেশাদারিত্ব ও ইতিবাচক কর্মপরিবেশ বজায় রাখার আহ্বান জানিয়েছে সংগঠনটি।

পুলিশ সদর দপ্তরের সাবেক সহকারী মহাপরিদর্শক শফিউল ইসলাম সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে মি . খানের এমন বক্তব্যের তিনটি অপেশাদারি দিক তুলে ধরে সমালোচনা করেছেন। খুলনার পুলিশ কর্মকর্তার বক্তব্যে আইনি প্রক্রিয়ার অবমাননা ছাড়াও ধর্মীয় আবেগের সস্তা ব্যবহার হয়েছে বলে তিনি উল্লেখ করেছেন। একইসঙ্গে , এই ধরনের রূঢ় এবং আক্রমণাত্মক আচরণে অধস্তনদের মধ্যে ভীতি ও অনাস্থা তৈরি এবং বাহিনীর ভেতরের চেইন অব কমান্ড এবং পারস্পরিক বিশ্বাসের পরিবেশকে সম্পূর্ণ ধ্বংস করে দেয় বলেও মনে করেন সাবেক এই পুলিশ কর্মকর্তা। মি . ইসলাম বিবিসি বাংলাকে বলেন , ”গভর্নমেন্টের পারমিশন ছাড়া কোনো বক্তব্যই আইনত তিনি দিতে পারেন না। „ সাবেক এই পুলিশ কর্মকর্তা মনে করেন , এ কারণেই মেট্রোপলিটন পুলিশের জন্য একটি সুনির্দিষ্ট এবং কড়া আইনি গাইডলাইন বা পুলিশ রেগুলেশনস প্রয়োজন। ”মেট্রোপলিটন পুলিশের রেগুলেশনস যদি থাকত , তবে কোনো কর্মকর্তার পক্ষে এভাবে প্রকাশ্য মঞ্চে দাঁড়িয়ে আইনের পরিপন্থি ও অপেশাদার বক্তব্য দেওয়া সম্ভব হতো না ,„ বলেন

মি. ইসলাম। আইন-শৃঙ্খলার দায়িত্বে নিয়োজিত কোনো কর্মকর্তা এমন বক্তব্য দিতে পারেন না বলেই তাকে প্রত্যাহার করা হয়েছে বলেও মন্তব্য করেন সাবেক এই পুলিশ কর্মকর্তা।(বিবিসি ওয়েব পেজ : ২১.০৬.২০২৬ নারগীস)

## তারেক রহমানকে নিয়ে হান্নান মাসউদের বক্তব্য ঘিরে সংসদে উত্তেজনা

বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানকে নিয়ে নোয়াখালী-৬ আসনের এমপি এনসিপি নেতা আব্দুল হান্নান মাসউদের একটি বক্তব্য ঘিরে রোববার জাতীয় সংসদে তীব্র উত্তেজনা সৃষ্টি হয়। সংসদে দেওয়া বক্তব্যে মি . মাসউদ বলেন, "প্রধানমন্ত্রী এখানে নেই। কিন্তু উনি যখন বিভিন্ন ভাষণে গিয়ে অসত্য তথ্য দিয়ে বলেন , বিরোধী দল মিছিল করতেছে মদের দাম বৃদ্ধির প্রতিবাদে বা সিগারেটের দাম বৃদ্ধি করার কারণে। এমন অসত্য তথ্য দিয়ে যখন প্রধানমন্ত্রী বক্তব্য দেন, আমরা খুবই আশাহত হই।" এরপর তিনি বলেন, "যখন ঋণ নিয়ে আমরা সংসদে কথা বলতে যাই , ইসলামী ব্যাংক নিয়ে কথা বলতে যাই, তখন প্রধানমন্ত্রী যদি বলে আপনারা স বাই জমিদার, যারা ঋণ নেন নাই, এর মধ্যদিয়ে মূলত প্রধানমন্ত্রী ঋণখেলাপিদের উৎসাহিত করে।" হান্নান মাসউদের এই বক্তব্যের পরই পয়েন্ট অব অর্ডারে দাঁড়িয়ে বিএনপির সংসদ সদস্য জয়নুল আবেদীন ফারুক অভিযোগ করেন , প্রধানমন্ত্রী তারেক রহমানকে নিয়ে হান্নান মাসউদ ভুল তথ্য দিয়ে বক্তব্য দিয়েছে। যে কারণে সেই বক্তব্য প্রত্যাহারেরও দাবি জানান। এরপরই বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম ফ্লোর নেন। তিনি এসময় বলেন , "এখানে সংসদ সদস্য জয়নুল আবেদীন ফারুক দাঁড়িয়ে বলেছেন , হান্নান মাসউদ ভুল তথ্য দিয়েছে। কিন্তু কোন তথ্যটা ভুল ছিল , সেটা বলেনি।" তিনি বলেন, "আমরা দেখেছি, প্রধানমন্ত্রী সংসদে দাঁড়িয়ে স্লিপ অব টাং ভুল বলেছেন, পরে সেটা তিনিই শুধরেছেন। প্রধানমন্ত্রীর বক্তব্যের সমালোচনা করার অধিকারও বিরোধী দলের আছে। ওনাকে আমরা সম্মান করি , এর মানে এই না যে, তার বক্তব্যের সমালোচনা করা যাবে না।" নাহিদ ইসলামের এই বক্তব্যের পরই বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর হান্নান মাসউদের বক্তব্যের যে অংশ, যে অংশটুকু অসত্য আছে, সেটা এক্সপাঞ্জ করতে স্পিকারের কাছে অনুরোধ জানান। তিনি বলেন, "মাননীয় স্পিকার, সংসদ নেতাকে নিয়ে অসত্য বক্তব্য এখানে মেনে নেওয়া যাবে না।" মির্জা ফখরুলের বক্তব্যের মধ্যেই উত্তেজনা তৈরি হয় বিএনপি ও জামায়াত সদস্যদের মধ্যে। এক পর্যায়ে হান্নান মাসউদ আবার বক্তব্য দিতে চাইলে তাকে থামানোর চেষ্টা করেন ডেপুটি স্পিকার কায়সার কামাল। এক পর্যায়ে মি . মাসউদের উদ্দেশ্যে ডেপুটি স্পিকার বলেন, "যখন খুশি দাঁড়াবেন, এটা সংসদের রীতি না। আপনি বসেন। হান্নান মাসউদ এটা শাহবাগ চত্বর নয়, এটা জাতীয় সংসদ।" স্পিকারের ঠিক এই বক্তব্যের পরই বিরোধী দলীয় নেতা শফিকুর রহমান ফ্লোর নেন। এসময় জামায়াত আমির বলেন, "হান্নান মাসউদ বক্তব্য রাখতে গিয়ে সংসদ নেতার বিষয়ে কিছু কথা বলেছেন। আমি আপনাকে অনুরোধ করবো, বাইরের কোনো বক্তব্যকে টেনে এনে এখানে বক্তব্য দেওয়া বা কোনোটাই যেন এলাও না করা হয়।" হান্নান মাসউদের বক্তব্যের প্রসঙ্গ টেনে তিনি বলেন , "এটা সত্য- এটা অসত্য এই ঝগড়ায় যদি যাই , তাহলে অনেক কিছু আমাদের জন্য লজ্জাজনক হয়ে যাবে। আমি চাচ্ছি না , কারো সম্মানের সাথে এই লজ্জাটা লেগে থাকুক। আমি অনুরোধ করবো, এই বিষয়ের পুরাটাই আপনি এখান থেকে ইগনোর করুন , সেটাই কল্যাণকর হবে।" পরে আর এই ইস্যুটি নিয়ে সংসদে আলোচনা করা হয়নি। (বিবিসি ওয়েব পেজ : ২১.০৬.২০২৬ নারগীস)

## গাইবান্ধায় যুবদলের হামলায় ছাত্রশিবিরের নেতা নিহতের অভিযোগ

গাইবান্ধার সাঘাটায় একটি বিদ্যালয়ের কমিটি গঠন নিয়ে দ্বন্দ্বে সাইফুল্লাহ বারী নামে এক শিবির নেতা নিহত হয়েছেন বলে পুলিশ জানিয়েছে। পুলিশ আরও জানিয়েছে , এই ঘটনায় জড়িত থাকার অভিযোগে এখন পর্যন্ত স্থানীয় একজন বিএনপি নেতাকে গ্রেফতার করা হয়েছে। সাঘাটা থানার ওসি তদন্ত পবিত্র কুমার বিবিসি বাংলাকে এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানিয়েছেন, এই ঘটনায় জড়িত থাকার অভিযোগে আশরাফ উদ্দিন নামে একজন বিএনপি কর্মীকে গ্রেফতার করা হয়েছে। পুলিশ জানিয়েছে, নিহত সাইফুল্লাহ বারী বোনারপাড়া ইউনিয়ন ছাত্রশিবিরের সভাপতি ছিলেন। বেলা ৩টার দিকে উপজে লার বোনারপাড়া বাজার এলাকায় কচুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির বিষয় নিয়ে দুটি পক্ষের মধ্যে তর্ক হয়। পরে সাইফুল্লাহ বারীর ওপর হামলা চালালে তাকে গুরুত্বর আহত অবস্থায় হাসপাতালে নেওয়া হলে সেখানেই মারা যান তিনি। এই ঘটনায় একটি মামলা প্রক্রিয়াধীন র য়েছে বলেও জানিয়েছেন সাঘাটা থানার ওসি তদন্ত পবিত্র কুমার। এদিকে , এই ঘটনায় নিন্দা জানিয়ে বিবৃতি দিয়েছে জামায়াতে ইসলামী। দলটির সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার এক বিবৃতিতে বলেছেন , "সাঘাটা উপজেলার বোনারপাড়া এলাকায় আজ দুপুরে প্রকাশ্য বাজারে সাবেক যুবদল সন্ত্রা সীরা ইউনিয়ন ছাত্রশিবিরের সভাপতি সাইফুল্লাহ বারীকে ধারালো অস্ত্র ও লোহার শাবল দিয়ে নৃশংসভাবে পিটিয়ে হত্যা করেছে।"
(বিবিসি ওয়েব পেজ : ২১.০৬.২০২৬ নারগীস)

## ইরানের সাথে এই আলোচনা একটি ঐতিহাসিক ঘটনা: জেডি ভ্যান্স

ইরান যুদ্ধ বন্ধে সুইজারল্যান্ডে শুরু হয়েছে ইরা ন ও যুক্তরাষ্ট্রের মধ্যে বৈঠক। সুইজারল্যান্ডের এই আলোচনাকে একটি "ঐতিহাসিক বৈঠক" বলে অভিহিত করেছেন যুক্তরাষ্ট্রের ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স। এই আলোচনায় মধ্যস্থতাকারী হিসেবে পাকিস্তান ও কাতার অংশ নেওয়ায় তাদেরকে ধন্যবাদ জানিয়েছেন তিনি। তিনি বলেছেন, এই তিন মাসে তিনি

অন্য সবার চেয়ে ফিল্ড মার্শাল আসিম মুনিরের সঙ্গেই বেশি কথা বলেছেন। মি . ভ্যান্স মধ্যপ্রাচ্যে কূটনীতি এবং স্থিতিশীলতা ও শান্তির উপর ভিত্তি করে একটি নতুন ভবিষ্যতের ওপর জোর দিয়েছেন। তিনি বলেন , প্রতিবেশী দেশগুলোর সঙ্গে ইরানের সম্পর্ক ভালো ছিল না এবং তা অস্থিতিশীলতার কারণ ছিল, কিন্তু এখন একটি ইতিবাচক দিক সামনে আসছে।(বিবিসি ওয়েব পেজ : ২১.০৬.২০২৬ নারগীস)

## রেডিও তেহরান

### বন্দেমাতরমকে মুসলমানদের উপর জোর করে চাপিয়ে দেওয়ায় নীরবে ফুসছেন ভারতের মুসলিমরা

ভারতীয় উপমহাদেশের ইতিহাসে ধর্ম , সংস্কৃতি ও রাজনৈতিক আ ধিপত্যের প্রশ্ন সবসময়ই গভীরভাবে জড়িত ছিল। বিশেষ করে, মুসলমানদের ধর্মীয় পরিচয়, তাদের জীবনযাপন ও সাংস্কৃতিক অধিকারকে কেন্দ্র করে বহু সময়ে সংঘাত সৃষ্টি হয়েছে। পশ্চিমবঙ্গের ইসলামী প্রতিষ্ঠানগুলোতে জোর করে বন্দেমাতরম গানটি গাওয়ার জন্য রাষ্ট্রীয় প্রজ্ঞাপ ন জারি করায় সংখ্যালঘু মুসলমানদের ধর্মীয় বিশ্বাসে হস্তক্ষেপ হিসেবে দেখা হচ্ছে। কিন্তু ভারতের আদালত এবং প্রশাসন তীব্র সাম্প্রদায়িক গোষ্ঠীর নিয়ন্ত্রণে থাকায় মুসলিমদের অধিকার আদায়ে অনেকটাই অনিশ্চিত হয়ে পড়েছে। মসজিদের মাইকে আজান নিষিদ্ধ, শুক্রবারের জুম্মার নামাজে কৌশল করে বাধা প্রদান , গরু কোরবানি নিষিদ্ধ, এমনকি কোনো কোনো প্রদেশে কোরবানি নিষিদ্ধের সমস্ত আয়োজন করেছে বিজেপি নিয়ন্ত্রিত প্রশাসন। সবশেষে ইসলামের চেতনা , বিরোধী দেবদেবীর পূজা প্রার্থনার সঙ্গে বন্দেমাতরমকে মুসলমানদের উপর জোর করে চাপিয়ে দেওয়ায় নী রবে ফুসছেন ভারতের মুসলিমরা। শব্দগত অর্থে বন্দেমাতরম মানে মাতৃভূমিকে প্রণাম করা হলেও , এর পূর্ণ গানে মাতৃভূমিকে দেবী দুর্গা রুপে উপস্থাপন করা হয়েছে। ইসলামে তাওহীদের বিশ্বাস অনুযায়ী আল্লাহ ছাড়া অন্য কারো বন্দনা বা উপাসনামূলক প্রশংসা গ্রহণযোগ্য নয়। এই কার ণে বহু মুসলমান এই গানকে ধর্মীয়ভাবে আপত্তিকর মনে করেন। কিন্তু এখানে একটি গুরুত্বপূর্ণ বিষয় হলো - মুসলমানরা দেশকে ভালোবাসে না এমন নয়, বরং তাদের অবস্থান হলো তারা দেশকে ভালবাসবে , দেশের জন্য জীবন দেবে কিন্তু ধর্মীয় বিশ্বাস বিসর্জন দিয়ে কোনো উপসনামূলক প্রতীকের কাছে মাথা নত করবে না। ভারতীয় মুসলমানদের অনুভূতি হলো - আমরা মুসলমানরা দেশমাতাকে পূজা করবো না কিন্তু দেশের জন্য নিজের জীবন বিলিয়ে দেব। এই অনুভূতির পেছনে উপমহাদেশে দীর্ঘ ইতিহাস কাজ করে।

১৯৪৭ সালে ভারত বিভক্ত না হলে আজকের বাংলাদেশের মুসলমানদের অবস্থাও হয় ত অনেকাংশে ভারতের মুসলমানদের মতো হয়ে উঠতো। অথচ বর্তমান সময়ে উপমহাদেশের মুসলিম সমাজের একাংশ ১৯৪৭ সালের বিভাজনকে শুধু রাজনৈতিক ট্রাজেডি হিসেবে দেখেন কিন্তু সেই বিভাজনের পেছনে মুসলমানদের নিরাপত্তা , ধর্মীয় স্বাধীনতা এবং সাংস্কৃতিক অস্তিত্ব রক্ষার প্রশ্নটিকে গুরুত্ব দেন না। বাস্তবতা হলেও ১৯৪৭ সালে পাকিস্তান রাষ্ট্র সৃষ্টি না হলে ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীন রাষ্ট্র হিসেবে জন্ম নেওয়ার সুযোগও তৈরি হতো না। ইতিহাসের এই ধারাবাহিকতা অস্বীকার করা কঠিন। বাংলার ইতিহাসেও ধর্মীয় নিপীড়নের বহু কাহিনী প্রচলিত আছে। সিলেট অঞ্চলে গৌর গোবিন্দ ও বোরহান উদ্দিনের গল্প বহু মানুষের মুখে মুখে প্রচলিত। বর্ণনা অনুযায়ী , বোরহান উদ্দিন নামে এক মুসলিম কৃষক আকিকা উপলক্ষ্যে গরু কোরবানি করেছিলেন। সে সময় শ্রীহট্ট হিন্দু রাজা গৌর গোবিন্দের শাসন চলছিল এবং গো হত্যা ছিল কঠোরভাবে নিষিদ্ধ। ঘটনাক্র মে গরুর গোশতের একটু অংশ রাজার প্রাসাদে পৌঁছে গেছে তদন্তে বোরহান উদ্দিনকে দায়ী করা হয়। এরপর তার শিশু পুত্রকে হত্যা এবং তার হাত কেটে দেওয়ার মতো নির্মম শাস্তি দেওয়া হয় বলে লোকো কাহিনীতে বর্ণিত আছে। পরবর্তীতে এই ঘটনার প্রতিশোধ ও মুসলমানদের নিরাপত্তার প্রশ্ন থেকেই বাংলার সুলতানের সহায়তা চাওয়া হয় এবং শেষ পর্যন্ত হযরত শাহজালাল (রা.)-এর আগমনের মাধ্যমে সিলেটে মুসলিম শাসনের সূচনা ঘটে বলে ঐতিহাসিক বর্ণনায় উল্লেখ পাওয়া যায়। এই কাহিনী শুধু অতীতের একটি গল্প নয় বরং অনেক মুসলমানের কাছে এটি ধর্মীয় স্বাধীনতা এবং অস্তিত্ব রক্ষার প্রতীক। বহু মানুষ শৈশব থেকে এই গল্প শুনে বড়ো হয়েছেন এবং মনে করেছেন যে , ধর্মীয় পরিচয়ের কারণে নিপীড়ন উপমহাদেশে নতুন কিছু নয়। কিন্তু দুঃখজনকভাবে বর্তমানেও ভারতে গরু ও কোরবানিকে কেন্দ্র করে মুসলমানদের বিরুদ্ধে উত্তেজনা ও সহিংসতার ঘটনা নিয়মিতই ঘটছে। ভারতের বিভিন্ন রাজ্যে গরু জবাই নিয়ে কঠোর আইন দীর্ঘদিন ধরেই রয়েছে। পশ্চিমবঙ্গেও ওয়েস্ট বেঙ্গল এনিমেল স্লডার কন্ট্রোল অ্যাক্ট-১৯৫০ বিদ্যমান। সাম্প্রতিক সময়ে এই আইন আরো কঠোরভাবে প্রয়োগের দাবি ও রাজনৈতিক বক্তব্য নতুন বিতর্কের সৃষ্টি করেছে। আইন অনুযায়ী, নির্দিষ্ট শর্ত ছাড়া গরু জবাই করা যায় না এবং ভেটেরেনারির সার্টিফিকেট প্রয়োজন হয়। সমর্থকরা বলছেন , এটি পশু সংরক্ষণ ও আইন -শৃঙ্খলার বিষয়। কিন্তু সমালোচকদের মতে, এই ধরনের বিধি -নিষেধ বাস্তবে মুসলমানদের ধর্মীয় কোরবানিকে কঠিন করে তোলার জন্যই করা হয়ে ছে। বিশেষ করে, যখন প্রশাসনিক ক্ষমতা ও সামাজিক মনোভাব একদিকে ঝুকে যায় , তখন সংখ্যালঘুরা নিজেদের নিরাপত্তাহীন মনে করে। ভারতে গরুকে কেন্দ্র করে সহিংসতার ঘটনা আন্তর্জাতিকভাবে আলোচিত হয়েছে। বিভিন্ন মানবাধিকার সংস্থা গত এক দশকে গরু সম্পর্কিত গুজব পাচারের অভি যোগ বা কোরবানির ঘটনাকে কেন্দ্র করে গণপিটুনি ও হত্যার তথ্য প্রকাশ করেছে। উত্তরপ্রদেশে মোহাম্মদ আখলাক হত্যাকাণ্ড আন্তর্জাতিক সংবাদ মাধ্যমে

ব্যাপকভাবে আলোচিত হয়। বহু ক্ষেত্রে শুধুমাত্র গুজবের ভিত্তিতেই সহিংসতা সংঘটিত হয়েছে বলে অভিযোগ রয়েছে। এই ঘটনাগুলো ভারতের মুসলমানদের মধ্যে ভয় ও অনিশ্চয়তা বাড়িয়েছে।

পশ্চিমবঙ্গে ঈদুল আজহার ছুটি কমিয়ে আনার সিদ্ধান্ত নিয়েও বিতর্ক তৈরি হয়েছে। নতুন প্রশাসন এটিকে সরকারি শৃঙ্খলা ও কেন্দ্রীয় তালিকার সঙ্গে সামঞ্জস্য আনার উদ্যোগ হিসেবে ব্যাখ্যা করেছে। অন্যদিকে সমালোচকরা মনে করছেন, সংখ্যালঘুদের ধর্মীয় অনুভূতির প্রতি সংবেদনশীলতার অভাব থেকেই এই ধরনের সিদ্ধান্ত আসছে। একইসঙ্গে প্রশ্ন উঠেছে, যদি প্রশাসনিক সংস্কারের নামে মুসলমানদের ধর্মীয় উৎসবের ছুটি কমানো যায় , তাহলে ভবিষ্যতে সংখ্যাগরিষ্ঠ সম্প্রদায়ের দীর্ঘ ধর্মীয় ছুটির ক্ষেত্রেও কি একই নীতি প্রযোজ্য হবে ! এখানে গুরুত্বপূর্ণ বিষয় হলো ভারত একটি বহু ধর্মীয় ও বহুজাতিক রাষ্ট্র। এই রাষ্ট্রের শক্তি তার বৈচিত্র্যে। কিন্তু যখন কোনো সম্প্রদায় বারবার নিজেদের দেশপ্রেম প্রমাণ করতে বাধ্য হয় , তখন তা সামাজিক আস্থার সংকট তৈরি করে। ভারতীয় মুসল মানরা স্বাধীনতার সংগ্রাম থেকে শুরু করে রাষ্ট্র নির্মাণ পর্যন্ত প্রতিটি পর্যায়ে অবদান রেখেছেন। তারপরও তাদের একটি অংশের মধ্যে এই অনুভূতি তৈরি হয়েছে যে , তাদের ধর্মীয় পরিচয় যেন তাদের সন্দেহের কারণ হয়ে দাঁড়িয়েছে। রাজনৈতিক বিশ্লেষকদের একাংশ মনে করেন , পরিচয়ভিত্তিক রাজনীতি যখন তীব্র হয় , তখন প্রথম আঘাত আসে সংস্কৃতি ও জীবনযাপনের উপর। কোনো জনগোষ্ঠীর খাদ্যাভাস , পোশাক, ভাষা বা ধর্মীয় অনুশীলনকে ধীরে ধীরে প্রশ্নবিদ্ধ করা হয়। এরপর আইনি ও সামাজিক চাপের মাধ্যমে তাদের প্রান্তিক করে তোলার প্রবণতা দেখা যায়। ইতিহাসে বহু সংঘাত ও গণহত্যার পূর্বে এমন প্রবণতা দেখা গেছে বলেও গবেষকরা উল্লেখ করেন। তবে একইসঙ্গে এটাও সত্য যে , ভারতের রাজনৈতিক বাস্তবতা অত্যন্ত জটিল এবং দেশটির সংবিধান এখনো ধর্মীয় স্বাধীনতা এবং গণতান্ত্রিক অধিকারের নিশ্চয়তা দেয়। কিন্তু হিন্দুত্ববাদের উত্থান সংখ্যা লঘুদের নিরাপত্তা ও বিশ্বাসকে ক্রমাগত আতঙ্কিত করে তুলছে।

মুসলমানদের মধ্যে উদ্বেগ ক্রমাগত বাড়ছে। গরু কোরবানি , আজান, হিজাব কিংবা নাগরিকত্বের প্রশ্ন- এই সব ইস্যুতে বারবার উত্তেজনা তৈরি হওয়ায় তারা নিজেদের সাংস্কৃতিক ও ধর্মীয় ভবিষ্যৎ নিয়ে চিন্তিত। ইতিহাস তাদের মনে করিয়ে দেয়, কোনো সমাজে যখন একটি জনগোষ্ঠীকে ক্রমাগত অন্য হিসেবে চিহ্নিত করা হয় , তখন সামাজিক বিভাজন আরো গভীর হয়। একটি দেশের বৃহৎ অংশ যখন সেই দেশের অন্য ধর্মের ক্ষুদ্র গোষ্ঠীকে ক্রমাগত আক্রমণের শিকার বানায় , তখন আইনের শাসন আর ন্যায়বিচার বলে কোনো কিছুই আর অবশিষ্ট থাকে না। এই বাস্তবতায় সবচেয়ে প্রয়োজন পারস্পরিক শ্রদ্ধাবোধ , সাংবিধানিক ন্যায়বিচার এবং ধর্মীয় স্বাধীনতার প্রতি আন্তরিক সম্মান। উপমহাদেশের বহু রক্তপাত, বিভাজন ও প্রতিশোধের সাক্ষী। সেই ইতিহাস থেকে শিক্ষা নেওয়ার অর্থ নতুন বিভাজন তৈরি করা নয় বরং এমন একটি সমাজ গঠন করা , যেখানে কেউই নিজের ধর্মীয় পরিচয়ের কারণে ভয় পাবে না আবার অন্যের বিশ্বাসকেও অপমান করবে না। মুসলমানদের জন্য কোরবানি যেমন ধর্মীয় অধিকার , তেমনি অন্য সম্প্রদায়ের ধর্মীয় অনুভূতিকেও সম্মান করতে হবে। রাষ্ট্রের দায়িত্ব এমন এক ভা রসাম্য রক্ষা করা , যাতে কোনো সম্প্রদায় নিজেকে দ্বিতীয় শ্রেণির নাগরিক মনে না করে। সবশেষে বলা যায় , ইতিহাসকে শুধুমাত্র আবেগ দিয়ে নয় , বিচক্ষণতা দিয়েও দেখতে হবে। অতীতের কষ্ট, বর্তমানে বৈষম্য এবং ভবিষ্যতের আশঙ্কা- সবকিছুর মাঝেও ন্যায়, সহাবস্থান ও মানবিক মর্যাদার প্রশ্নটি সবচেয়ে গুরুত্বপূর্ণ। কারণ কোনো সমাজ তখনই টিকে থাকে , যেখানে মানুষের ধর্মীয় পরিচয়ের চেয়ে নাগরিক অধিকার ও মানবিক মর্যাদা বেশি মূল্য পায়।(রেডিও তেহরান: ২১.০৬.২০২৬ রুবাইয়া, এলিনা)

## মামুনুল হক ইস্যুতে সংসদে বিরূপ মন্তব্য এক্সপাঞ্জ হলো এমপি ও স্পিকারের বক্তব্য

বাংলাদেশ খেলাফত মজলিশের আমির আল্লামা মামুনুল হককে নিয়ে জাতীয় সংসদে দেওয়া বিএনপির সংসদ সদস্য খন্দকার আবু আশফাকের বক্তব্য কার্যবিবরণী থেকে এক্সপাঞ্জ (বাদ) করা হয়েছে। একইসঙ্গে এ প্রসঙ্গে স্পিকার হাফিজ উদ্দিন আহমদের নিজের একটি মন্তব্যও কার্যবিবরণী থেকে অপসারণ করা হয়েছে। আজ (রোববার) জাতীয় সংসদের অধিবেশনে এ সিদ্ধান্তের কথা জানান স্পিকার। গত বৃহস্পতিবার বাজেট আলোচনায় অংশ নিয়ে ঢাকা -১ আসনের সংসদ সদস্য খন্দকার আবু আশফাক খেলাফত মজলিশের আমির আল্লামা মামুনুল হকের অতীতের একটি বিতর্কিত ঘটনা উল্লে খ করে মন্তব্য করেন। সে সময় স্পিকার বিষয়টি সংসদের কার্যবিবরণীতে অন্তর্ভুক্ত না করার ইঙ্গিত দেন এবং একজন রাজনৈতিক নেতার ব্যক্তিগত জীবনের বিষয় নিয়ে সংসদে আলোচনা না করার পক্ষে মত দেন। রোববারের অধিবেশনে স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বলেন , গত বৃহস্পতিবার মামুনু ল হক সম্পর্কে `কথিত পরকীয়া, নিয়ে করা মন্তব্য অনভিপ্রেত ছিল। তিনি বলেন , যার পক্ষে সংসদে উপস্থিত হয়ে আত্মপক্ষ সমর্থন করার সুযোগ নেই , তার সম্পর্কে বিরূপ মন্তব্য করা সংসদীয় রীতিনীতির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়। এ কারণেই আবু আশফাকের বক্তব্য এক্সপাঞ্জ করা হয়েছে।

স্পিকার আরও জানান , আলোচনার সময় তিনি নিজেও একজন ব্যক্তির জীবনের `অন্ধকার অধ্যায়, সম্পর্কে মন্তব্য করেছিলেন। নিরপেক্ষতা বজায় রাখতে সেই মন্তব্যটিও কার্যবিবরণী থেকে বাদ দেওয়া হয়েছে। ভবিষ্যতে সংসদ সদস্যদের আরও সতর্ক থাকার আহ্বান জানিয়ে স্পিকার বলেন , যাদের পক্ষে সংসদে এসে নিজেদের অবস্থান ব্যাখ্যা

করা সম্ভব নয়, তাদের সম্পর্কে বিরূপ মন্তব্য করা থেকে বিরত থাকা উচিত। একই অধিবেশনে কিশোরগঞ্জ-২ আসনের সংসদ সদস্য মো . জালাল উদ্দীন আরেক সংসদ সদস্যের পূর্ববর্তী বক্তব্য কার্যবিবরণী থেকে বাদ দেওয়ার দাবি জানান। জবা বে স্পিকার জানান , সংশ্লিষ্ট সদস্য নিজের বক্তব্যকে অনিচ্ছাকৃত ভুল হিসেবে স্বীকার করেছেন এবং সেটিও কার্যবিবরণী থেকে এক্সপাঞ্জ করা হবে। এদিকে মুন্সিগঞ্জ -৩ আসনের সংসদ সদস্য মো . কামরুজ্জামান রতন বিরোধীদলীয় নেতা শফিকুর রহমানের একটি বক্তব্য নিয়ে বিষয় উত্থাপন ক রলে স্পিকার বলেন , সংসদের বাইরে দেওয়া বক্তব্যের জবাব সংসদের বাইরেই দেওয়া উত্তম। (রেডিও তেহরান ওয়েব পেজ : ২১.০৬.২০২৬ নারগীস)

## ফের হরমুজ প্রণালি বন্ধ করে দিয়েছে ইরান

ইসলামী প্রজাতন্ত্র ইরানের খাতামুল আম্বিয়া (সা.) কেন্দ্রীয় সদর দপ্তর ঘোষণা করেছে , যুদ্ধ শেষ করার চুক্তির প্রথম অনুচ্ছেদ বাস্তবায়নে ব্যর্থতার মাধ্যমে আমেরিকার প্রতিশ্রুতি ও চুক্তি লঙ্ঘনের নির্লজ্জ ঘটনায় এবং দক্ষিণ লেবাননে ইসরায়েলের যুদ্ধবিরতি লঙ্ঘনের জবাবে , হরমুজ প্রণালি নৌচলাচলের জন্য বন্ধ করে দেওয়া হয়েছে। ফার্স নিউজ এজেন্সিকে উদ্ধৃত করে পার্স টুডে জানিয়েছে, ইসলামী প্রজাতন্ত্র ইরানের খাতামুল আম্বিয়া (সা.) কেন্দ্রীয় সদর দপ্তরের বিবৃতিতে সূরা তওবার ১২ নম্বর আয়াত উল্লেখ করে বলেছে , আর যদি তারা তাদের চুক্তির পর তাদের প্রতিশ্রুতি ভঙ্গ করে এবং তোমাদের দ্বীন সম্বন্ধে কটুক্তি করে, তবে কাফির জাতির বিরুদ্ধে যুদ্ধ করো, এরা এমন লোক, যাদের কোনো প্রতিশ্রুতি নেই, যেন তারা নিবৃত্ত হয়। যুদ্ধ শেষ করার জন্য সমঝোতা স্মারকের প্রথম অনুচ্ছেদ বাস্তবায়নে ব্যর্থতার বিষয়ে আমেরিকার প্রতিশ্রুতি ও চুক্তি ভঙ্গের নির্লজ্জ ঘটনা , দক্ষিণ লেবাননে ইসরায়েলের যুদ্ধবিরতি লঙ্ঘন এবং লেবাননের লক্ষ লক্ষ নিপীড়িত মানুষের নির্মম হত্যা ও বাস্তুচ্যুতির প্রতিক্রিয়ায় এবং দক্ষিণ লেবাননের ভূমি থেকে ইসরায়েলি বাহিনীর সরে যেতে ব্যর্থতার পরিপ্রেক্ষিতে , হরমুজ প্রণালি নৌচলাচলের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। উল্লেখ্য যে, এই প্রথম পদক্ষেপ শত্রুর প্রতি শ্রুতি ভঙ্গের একটি প্রতিক্রিয়া এবং যদি আগ্রাসন অব্যাহত থাকে , তবে শত্রুকে তার বাধ্যবাধকতা বাস্তবায়নে বাধ্য করার জন্য আরও পদক্ষেপ পরিকল্পনা ও গ্রহণ করা হবে। এদিকে , আইআরজিসির নৌবাহিনীর জনসংযোগ বিভাগও ঘোষণা করেছে , লেবাননে ইসরায়েলি অপরাধ এবং যুদ্ধবিরতি প্রতিষ্ঠার মার্কিন প্রতিশ্রুতি লঙ্ঘনের পরিপ্রেক্ষিতে , হরমুজ প্রণালি সকল জাহাজের জন্য বন্ধ ঘোষণা করা হলো। আইআরজিসি নৌবাহিনীর বিবৃতিতে জোর দিয়ে বলা হচ্ছে যে , হরমুজ প্রণালি বন্ধ রয়েছে এবং কোনো জাহাজ যেন হরমুজ প্রণালির কাছে না আসে, অন্যথায় তাদের নিরাপত্তা বিঘ্নিত হবে।

(রেডিও তেহরান ওয়েব পেজ : ২১.০৬.২০২৬ নারগীস)

# ডয়চে ভেলে

## সুইজারল্যান্ডে আলোচনার মূলে থাকবে লেবানন: ইরান

ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র এসমায়েল বাকাই বলেছেন , সুইজারল্যান্ডে মার্কিন ও ইরানি প্রতিনিধিদের মধ্যে আলোচনার প্রধান বিষয় হবে লেবাননে চলমান সংঘর্ষ। ইসরায়েলের বিরুদ্ধে "লেবাননে অঙ্গীকার লঙ্ঘনের„ অভিযোগ তুলেছেন এই ইরানি কর্মকর্তা। যুদ্ধবিরতি সত্ত্বেও শনিবার লেবাননে ইসরায়েল ও ইরান -সমর্থিত হিজবুল্লাহর মধ্যে তীব্র সংঘর্ষ দেখা গেছে। তবে বাকাই বলেছেন, শনিবার সন্ধ্যা থেকে লেবাননে একটি "নাজুক যুদ্ধবিরতি„ প্রতিষ্ঠিত হয়েছে। আলোচনার অন্যান্য বিষয়গুলোর মধ্যে ইরানের স্থগিত সম্পদ মুক্ত করা এবং ইরানি তেল বিক্রির লাইসেন্স আদায়ের প্রসঙ্গটি গুরুত্ব পাবে বলে জানিয়েছেন তিনি। তেল বিক্রি ইরানের অর্থনীতির একটি প্রধান চালিকাশক্তি হিসেবে দেখছেন বিশ্লেষকেরা। ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি এবং সুইস ফেডারেল কাউন্সিলের সদস্য ও পররাষ্ট্রমন্ত্রী ইগনাৎসিও কাসিসের মধ্যে প্রাথমিক বৈঠকের পর বাকাই ইরানের রাষ্ট্রীয় সংবাদমাধ্যম আইআরএনএ -এর সঙ্গে কথা বলেছেন এই মুখপাত্র। তিনি আরও জানিয়েছেন , ইরানি কর্মকর্তারা কাতার ও পাকিস্তানের প্রতিনিধিদের সঙ্গেও সংলাপে অংশ নেবেন। যুক্তরাষ্ট্র, কাতার, পাকিস্তান ও ইরানের মধ্যেও বৈঠক অনুষ্ঠিত হতে পারে বলে ধারণা করা হচ্ছে।

(ডয়চে ভেলে ওয়েব পেজ : ২১.০৬.২০২৬ নারগীস)

## শান্তি আলোচনার সব পক্ষ এখন সুইজারল্যান্ডে

সুইজারল্যান্ডের পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে , শান্তি আলোচনায় অংশ নিতে অংশীদার সব পক্ষ বুর্গেনস্টকে এসে পৌঁছেছেন। পররাষ্ট্র মন্ত্রণালয়ের `এক্স, প্ল্যাটফর্মে বলা হয়েছে , "মার্কিন ভাইস প্রেসিডেন্ট জেডি ভান্সের নেতৃত্বে যুক্তরাষ্ট্রের প্রতিনিধি দল , ইরানিয়ান পার্লামেন্টের স্পিকার মোহাম্মদ বাঘেরের নেতৃত্বে ইরানি প্রতিনিধি দল এবং মধ্যস্থতাকারী দেশ পাকিস্তান ও কাতারের প্রতিনিধিরা সবাই বুর্গেনস্টকে পৌঁছেছেন। „ এতে আরও বলা হয়েছে , সবপক্ষের মধ্যেই আজই (রোববার) শান্তি আলোচনা শুরু হতে পারে। এর আগে, ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র জানিয়েছেন, রোববার বিকেলেই যুক্তরাষ্ট্র, ইরান, পাকিস্তান ও কাতারের মধ্যে একটি বৈঠক অনুষ্ঠিত হতে পারে।

(ডয়চে ভেলে ওয়েব পেজ : ২১.০৬.২০২৬ নারগীস)

## এনএইচকে

### সমঝোতা স্মারক স্বাক্ষরের পর সুইজারল্যান্ডে প্রথমবারের মতো যুক্তরাষ্ট্রইরান আলোচনা শুরু

যুদ্ধবিরতির লক্ষ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষ রের পর যুক্তরাষ্ট্র ও ইরান তাদের প্রথম বৈঠকে মিলিত হতে চলেছে। সুইজারল্যান্ডে, আজ রবিবার থেকে শুরু হতে যাওয়া এই আলোচনার আগেও দুই দেশের মধ্যে উত্তেজনা অব্যাহত রয়েছে। ওয়াশিংটন ও তেহরানের মধ্যে স্বাক্ষরিত একটি সমঝোতা স্মারকের ভিত্তিতে , এই আলোচনা অনুষ্ঠিত হবে। এতে বলা হয় যে, উভয়পক্ষ ৬০ দিনের মধ্যে একটি চূড়ান্ত চুক্তিতে পৌঁছানোর লক্ষ্যে আলোচনা করবে। মধ্যস্থতাকারী দেশ পাকিস্তান শনিবার জানায় যে , আলোচনাটি রবিবার মধ্য সুইজারল্যান্ডের বুরগেনস্টকে অনুষ্ঠিত হবে। প্রাথমিকভাবে বৈঠকটি শুক্রবার অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও, পরে তা স্থগিত করা হয়। মার্কিন বিশেষ দূত স্টিভ উইটকফ এবং ট্রাম্পের জামাতা জ্যারেড কুশনার, আলোচনার প্রস্তুতি নিতে ইতোমধ্যে দেশটিতে পৌঁছেছেন বলে জানা গেছে। ইরানের রাষ্ট্রীয় গণমাধ্যমের ভাষ্যানুযায়ী, গালিবাফ এবং পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচিসহ দেশটির প্রতিনিধিদল সুইজারল্যান্ডে পৌঁছেছে। শনিবার, ইরানের কেন্দ্রীয় সামরিক কমান্ডের পক্ষ থেকে হরমুজ প্রণালি বন্ধ করে দেওয়ার ঘোষণার পর এই পদক্ষেপ নেওয়া হয়। এতে বলা হয় যে , সমঝোতা স্মারকটি বাস্তবায়নে ওয়াশিংটনের ব্যর্থতার কারণেই এই বন্ধের সিদ্ধান্ত নেওয়া হয়ে ছে। স্মারকটিতে, লেবাননসহ সকল রণাঙ্গনে সামরিক অভিযান বন্ধের আহ্বান জানানো হয়। শুক্রবার, মার্কিন সরকারি কর্মকর্তারা দুইপক্ষের মধ্যে যুদ্ধবিরতি চুক্তির কথা জানানোর পরও লেবাননে ইরান সমর্থিত একটি শিয়া মুসলিম গোষ্ঠী ও ইসরায়েলি সেনাবাহিনীর মধ্যে লড়াই অব্যাহত রয়েছে।
(এনএইচকে ওয়েব পেজ: ২১.০৬.২০২৬ রুবাইয়া)

## জাগো নিউজ

### মালয়েশিয়ায় প্রধানমন্ত্রী তারেক রহমানকে লাল গালিচা সংবর্ধনা

রাষ্ট্রীয় সফরে মালয়েশিয়ায় পৌঁছানো প্রধানমন্ত্রী তারেক রহমানকে কুয়ালালামপুর আন্তর্জাতিক বিমানবন্দরে লাল গালিচা সংবর্ধনা দেওয়া হয়েছে। মালয়ে শিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের আমন্ত্রণে তারেক রহমান এ সফর করছেন। তার সঙ্গে রয়েছেন সহধর্মিণী ডা. জুবাইদা রহমান। তাদের বহনকারী বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি বিশেষ ফ্লাইট রোববার (২১ জুন) স্থানীয় সময় রাত ৮টা ৪৫ মিনিটে বিমানবন্দরের ভিভিআইপি টার্মিনাল `বুঙ্গা রায়া কমপ্লেক্স,-এ অবতরণ করে। বিমানবন্দরে বাংলাদেশের প্রধানমন্ত্রীকে লাল গালিচা সংবর্ধনা দেওয়া হয় এবং রাষ্ট্রীয় প্রোটোকল অনুযায়ী গার্ড অব অনার জানানো হয়। সুসজ্জিত বাহিনীর অংশগ্রহণে গার্ড অব অনারের সময় দুই দেশের জাতীয় সংগীত পরিবেশিত হয়। ভিভিআইপি টার্মি নালে মালয়েশিয়ার ধর্মমন্ত্রী ড . জুলকিফলি হাসান প্রধানমন্ত্রীকে স্বাগত জানান। এসময় তার সহধর্মিণী জুবাইদা রহমানকে ফুল দিয়ে শুভেচ্ছা জানান শিশু মাইসা নুর আইশা।
(জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৬.২০২৬ রিহাব)

### সিলেটের ডিসি সারওয়ার আলমকে প্রত্যাহার

সিলেটের জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মো . সারওয়ার আলমকে প্রত্যাহার করা হয়েছে। রোববার (২১ জুন) জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব জেতী প্রু সই করা এক আদেশে তাকে প্রত্যাহার করা হয়। তাকে জনপ্রশাসন মন্ত্রণালয়ে উপসচিব হিসেবে সংযুক্ত করা হয়েছে। গত বছরের ২১ আগস্ট সিলেটের জে লা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট হিসেবে যোগদান করেছিলেন সারওয়ার আলম। ২৭তম বিসিএসের প্রশাসন ক্যাডারের কর্মকর্তা সারওয়ার আলম র্যাবের নির্বাহী ম্যাজিস্ট্রেট হিসেবে আলোচিত ছিলেন। সিনিয়র সহকারী সচিব পদে থাকাকালীন র্যাবের নির্বাহী ম্যাজিস্ট্রেট হিসেবে তিন শতা ধিক ভেজালবিরোধী অভিযান চালিয়ে ব্যাপক প্রশংসিত ছিলেন তিনি। ভেজাল, অনিয়মের বিরুদ্ধে অভিযান পরিচালনা করে আলোচিত এবং মানুষের প্রশংসা কুড়িয়েছেন। হঠাৎ ২০২০ সালের ৯ নভেম্বর তাকে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব হিসেবে বদলি করা হয়। তিনবার বঞ্চিত হওয়ার পর ২০২৪ সালের ১৪ আগস্ট উপসচিব পদে পদোন্নতি পান তিনি। এর আগে, তিনি বঞ্চিত হলে নিজের ক্ষোভ জানিয়ে ফেসবুক স্ট্যাটাস দিয়েছিলেন। স্ট্যাটাস দেওয়ার বিষয়টিকে অসদাচরণ হিসেবে গণ্য করে আওয়ামী লীগ সরকার তাকে লঘুদণ্ড হিসেবে `তিরস্কার,-এর শাস্তি দেয়। ২০২২ সালের মে মাসে তাকে শাস্তি দিয়ে প্রজ্ঞাপন জারি করে জনপ্রশাসন মন্ত্রণালয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৬.২০২৬ রিহাব)

### ব্যবসার পথে কোনো ব্যক্তি-প্রতিষ্ঠান বাধা হলে `দরজা দেখিয়ে দেওয়া হবে,

বাংলাদেশকে `ওভার-রেগুলেটেড, দেশ উল্লেখ করে ব্যবসা ও বিনিয়োগের পথে অপ্রয়োজনীয় বিধি-নিষেধ কমাতে ডি-রেগুলেশন কার্যক্রম জোরদারের ঘোষণা দিয়েছেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। তিনি বলেছেন , ব্যবসা-বাণিজ্যের পথে যে-সব ব্যক্তি বা প্রতিষ্ঠান বাধা সৃষ্টি করবে , তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। প্রয়োজনে `দরজা দেখিয়ে দেওয়া হবে,। এ লক্ষ্যে অভিযোগ গ্রহণে একটি বিশেষ ওয়েবসাইট ও টাস্কফোর্স গঠন করা হচ্ছে। রোববার (২১ জুন) দুপুরে ঢাকার একটি হোটেলে সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) আয়োজিত `বাজেট সংলাপ

২০২৬,-এ প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অর্থমন্ত্রী বলেন , বাংলাদেশ ইজ ওভার-রেগুলেটেড কান্ট্রি। যেখানে ব্যবসায়ী ব্যবসা করতে পারে না , সাধারণ মানুষের জীবনও অনেক কঠিন হয়ে যায়। আমরা ডি -রেগুলেশন চাই। এজন্য একটি টাস্কফোর্স গঠন করা হয়েছে। তিনি বলেন, একটি ওয়েবসাইট চালু করা হবে, যেখানে ব্যবসায়ী বা সাধারণ মানুষ ডি-রেগুলেশন বাস্তবায়নে কোনো বাধা বা নিয়মের অপব্যবহার দেখতে পেলে , তা জানাতে পারবেন। টাস্কফোর্স এসব অভিযোগ পর্যালোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা নেবে। অর্থমন্ত্রী বলেন , আমাদের বার্তা খুব পরিষ্কার। ডি-রেগুলেশন ও ব্যবসার পথে কেউ বাধা হয়ে দাঁড়ালে তাকে খুঁজে বের করা হবে। যারা উন্নয়ন ও ব্যবসার পরিবেশ বাধাগ্রস্ত করার চেষ্টা করবে, তাদের আমরা দরজা দেখিয়ে দেব। দেশের জন্য কাজ না করলে তাদের প্রয়োজন নেই। তিনি বলেন, নির্বাচিত সরকার হিসেবে জনগণের প্রতি আমাদের জবাবদিহি রয়েছে। দীর্ঘদিনের দুর্বল শাসন ও অর্থনৈতিক সংকটের পর মানুষের প্রত্যাশা অনেক বেশি। শতভাগ সফল না হলেও ৭০ থেকে ৮০ শতাংশ লক্ষ্য অর্জন করা গেলে দেশের উন্নয়ন ত্বরান্বিত হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৬.২০২৬ রিহাব)

## পোশাক-কৃষিভিত্তিক শিল্পে বাড়ছে খেলাপি ঋণের চাপ

দেশের ব্যাংক খাতের `ক্যানসার, হিসেবে পরিচিত খেলাপি ঋণ ২০২৫ সালে বেড়েছে দুই লাখ কোটি টাকার বেশি। এ সময় মোট সাড়ে পাঁচ লাখ কোটি টাকার বেশি খেলাপি ঋণের ৪৮ দশমিক ৫১ শতাংশই পোশাক, টেক্সটাইল, চামড়া, জাহাজ নির্মাণসহ অন্য উৎপাদনমুখী শিল্পে। বাংলাদেশ ব্যাংকের আর্থিক স্থিতিশীলতা প্রতিবেদন -২০২৫ অনুযায়ী, ২০২৫ সালের ডিসেম্বর প্রান্তিক শেষে দেশের ব্যাং কগুলোতে বিতরণ করা মোট ঋণের পরিমাণ ১৮ লাখ ২০ হাজার ৪৩০ কোটি টাকা। এর মধ্যে খেলাপি ঋণ ৫ লাখ ৫৭ হাজার ৩২ কোটি টাকা, যা মোট ঋণের ৩০ দশমিক ৬০ শতাংশ। ২০২৪ শেষে ব্যাংক খাতের মোট বিতরণ করা ঋণের পরিমাণ ছিল ১৭ লাখ ১১ হাজার ৪০২ কোটি টাকা। বিতরণ করা এসব ঋণের মধ্যে ব্যাংক খাতে মোট খেলাপি ঋণের পরিমাণ দাঁড়িয়েছিল ৩ লাখ ৪৫ হাজার ৭৬৫ কোটি টাকা, যা মোট বিতরণ করা ঋণের প্রায় ২০ দশমিক ২০ শতাংশ। ২০২১ সালের ডিসেম্বরে দেশের মোট খেলাপি ঋণের পরিমাণ ছিল ১ লাখ ৩ হাজার ২৭৪ কোটি টাকা, যা মোট ঋণের ৭ দশমিক ৯৩ শতাংশ। ২০২২ সালের ডিসেম্বরে তা বেড়ে দাঁড়ায় ১ লাখ ২০ হাজার ৬৫৬ কোটি টাকা (৮ দশমিক ১৬ শতাংশ)। ২০২৩ সালের ডিসেম্বরে খেলাপি ঋণ বেড়ে হয় ১ লাখ ৪৫ হাজার ৬৩৩ কোটি টাকা, যা মোট ঋণের ৯ শতাংশ। তবে ২০২৪ সালের ডিসেম্বরে এ অংক লাফিয়ে ৩ লাখ ৪৫ হাজার ৭৬৫ কোটি টাকায় (২০ দশমিক ২ শতাংশ) পৌঁছে যায়। ২০২৫ সালের ডিসেম্বর শেষে খেলাপি ঋণ বেড়ে দাঁড়ায় ৫ লাখ ৫৭ হাজার ৩২ কোটি টাকা, যা মোট ঋণের ৩০ দশমিক ৬০ শতাংশ।
(জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৬.২০২৬ রিহাব)

## উজানের ঢলে বাড়ছে তিস্তার পানি, নিম্নাঞ্চলে বন্যার শঙ্কা

উজানের পাহাড়ি ঢল ও টানা বৃষ্টিতে লালমনিরহাটে তিস্তা নদীর পানি আশঙ্কাজনক হারে বৃদ্ধি পাচ্ছে। রোববার (২১ জুন) দুপুর ১২টায় তিস্তা ব্যারাজের ডালিয়া পয়েন্টে পানি বিপৎসীমার মাত্র ১৫ সেন্টিমিটার নিচ দিয়ে প্রবাহিত হওয়ার রেকর্ড করা হয়েছে। শনিবার (২০ জুন) থেকেই পানি বিপৎসীমার কাছাকাছি অবস্থান করায়, ব্যারাজের ভাটিতে থাকা নিম্নাঞ্চলে বন্যা পরিস্থিতি সৃষ্টির প্রবল আশঙ্কা দেখা দিয়েছে। পানি ক্রমাগত বাড়তে থাকায় তিস্তার বিস্তীর্ণ চরাঞ্চল ইতোমধ্যে পানিতে তলিয়ে যেতে শুরু করেছে। নদীর তীরবর্তী নিম্নাঞ্চলের বসতবাড়ি ও আবাদি জমিতেও পানি ঢুকতে শুরু করেছে। তবে বর্তমানে মাঠে উল্লেখযোগ্য কোনো মৌসুমি ফসল না থাকায় কৃষকদের বড়ো ধরনের আর্থিক ক্ষতির শঙ্কা নেই বলে জানা গেছে। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (পাউবো) জানিয়েছে, উজানের ঢল ও ভারী বৃষ্টির কারণে আগামী ৭২ ঘণ্টায় উত্তরাঞ্চলের নদ-নদীর পানি আরও বৃদ্ধি পেয়ে বিপৎসীমার কাছাকাছি পৌঁছাতে পারে। এতে করে স্বল্পমাত্রার বন্যা দেখা দেওয়ার সম্ভাবনা রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৬.২০২৬ রিহাব)

## হামের টিকা দেওয়ায় গাফিলতি তদন্তের দরকার নেই: জিয়াউদ্দিন হায়দার

হামের টিকা দেওয়ার গাফিলতির ঘটনায় তদন্তের দরকার নেই বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর স্বাস্থ্য বিষয়ক বিশেষ সহকারী (প্রতিমন্ত্রীর পদমর্যাদা) এস এম জিয়াউদ্দিন হায়দার। রোববার (২১ জুন) সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে বিশেষ সহকারী এ কথা জানান। পর্তুগালের লিসবনে অনুষ্ঠিত ৩৪তম ইন্টারন্যাশনাল কনফেডারেশন অব মিডওয়াইভস (আইসিএম) ট্রায়েনিয়াল কংগ্রেসে অংশগ্রহণসহ সাম্প্রতিক ইউরো প সফর নিয়ে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। হামে শিশু মৃত্যু নিয়ে তদন্ত কমিটি গঠন করা হবে কি না - জানতে চাইলে বিশেষ সহকারী বলেন, `এখানে তদন্তের কী আছে ? আমরা তো জানি যে , অপারেশনাল প্ল্যান বাদ দিয়ে এটাকে ডিপিপিতে মাইগ্রেট করা হয়েছে। তখন হয়ত ধারণা করা হয়েছি ল যে, ডিপিপিগুলোকে এক থেকে দেড় মাসের মধ্যে তারা অ্যাপ্রুভ করতে পারবে এবং টাকা অ্যাভেইলেবল হবে। কিন্তু বাস্তব চিত্র হলো যে , এক বছরেও অনেক ডিপিপি প্রিপারেশন সম্ভব হয়নি এবং সেগুলোকে একনেকে অ্যাপ্রুভাল , প্রজেক্ট অফিস তৈরি করা , হ্যাঁ, সেগুলো করতে পারেনি।, তিনি বলেন, `যার ফলে আপনার যে স্বাভাবিক যে ফান্ড ফ্লো ওপির মাধ্যমে হচ্ছিল, সেইটা আমি বন্ধ করলাম উইদাউট ওপেনিং আপ নিউ ফান্ড ফ্লো এবং এই যে আপনার ঘাটতি , এই ঘাটতির বোঝা তো আমরা জাতি হিসেবে এখনো বহন করছি। আমাদের

ফ্যামিলি প্ল্যানিংয়ের বিভিন্ন প্রোডাক্ট বিভিন্ন জায়গা তে স্টক আউট , সেগুলো আমরা কীভাবে দ্রুত সময়ের মধ্যে ক্রয় করতে পারি, সেগুলো নিয়ে মন্ত্রীসহ সবাই কাজ করছে। এই যে আজ আমি কথা বলছি , মন্ত্রী আপনার কোপেনহেগেন আপনার ডেনমার্কের ইউনিসেফের যে সাপ্লাই ডিভিশনের হেডকোয়ার্টার সেখানে তিনি যাচ্ছেন , তাদের সঙ্গে আলাপ করার জন্য, যাতে করে আমাদের অন্যান্য যে এসেনসিয়াল প্রোডাক্ট , সেগুলোও দ্রুত কেনা যায় এবং ঘাটতি পূরণ করা যায়- এজন্য আমরা দিন-রাত পরিশ্রম করছি।, আগের সরকারের কোনো গাফিলতি কি আপনি স্বাস্থ্য উপদেষ্টা হিসেবে দেখেন না? এ বিষয়ে তিনি বলেন , `না, গাফিলতি তো আছেই। আমরা তো এটা বলেই দিয়েছি। তাদের গাফিলতির জন্যই তো ২০২৪-২৫-এর যে টিকার রাউন্ড, সে টিকার রাউন্ডটা পুরোপুরি মিস করা হয়েছে। হ্যাঁ , ভ্যাকসিনের কোনো প্রকিউরমেন্ট হয়নি। ফ্যামিলি প্ল্যানিংয়ের এই যে কন্ট্রাসেপ্টিভ প্রোডাক্ট , এগুলো প্রকিউরমেন্ট হয়নি। এখানে গাফিলতি আছে, এটা নিঃসন্দেহে আমরা বলতে পারি। এটার জন্য কোনো তদন্ত করার দরকার নেই।,
(জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৬.২০২৬ রিহাব)

## আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকীতে যারা ঝুঁকি নেবে তারা নিজেরা ঝুঁকিতে পড়বে

আগামী ২৩ জুন কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকী কেন্দ্র করে কেউ যদি বিশৃঙ্খলা করতে চায় বা ঝুঁকি তৈরি করতে চায় , তাহলে তারা নিজেরাই ঝুঁকির মধ্যে পড়বে - এমনটাই বলেছেন র্যাব-২ এর অধিনায়ক অতিরিক্ত ডিআইজি মো. নাঈমুল হাসান। রোববার (২১ জুন) রাজধানীর মোহাম্মদপুরের বসিলা র্যা ব-২ ব্যাটালিয়ন সদর দপ্তরে আয়োজিত `বিদেশি অস্ত্রসহ ছিনতাইকারী চক্রের হোতা গ্রেফতার, সংক্রান্ত সংবাদ সম্মেলনে এক প্রশ্নের জবাবে এসব কথা বলেন তিনি। ছিনতাইকারী চক্রের হোতা গ্রেফতার সংক্রান্ত তথ্য জানিয়ে নাঈমুল হাসান বলেন , গত (১৭ জুন) ছিনতাই এবং বহুল আলোচিত আদাবর থানার পুলিশ অ্যাসল্ট মামলার আসামি `কবজি কাটা , আনোয়ার গ্রুপের বর্তমান প্রধান `কিশোর গ্যাং, লিডার আবু হাসান সাঈদ (৩৩) ও শীর্ষ সন্ত্রাসী এক্সেল বাবুকে গ্রেফতার করা হয়। এরই ধারাবাহিকতায় ২০ জুন রাতে গোয়েন্দা তথ্যের ভিত্তিতে র্যাঈ ব-২ রাজধানীর মোহাম্মদপুর থানাধীন বেড়িবাঁধ ইউল্যাব ইউনিভার্সিটি এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে বিদেশি অস্ত্রসহ ছিনতাইকারী সোহেল ওরফে `মাওরা, সোহেলকে (২৮) গ্রেফতার করা হয়। `মাওরা, সোহেল মোহাম্মদপুর এলাকার কিশোর গ্যাং এবং ছিনতাইকারী গ্রুপ , `মাওরা গ্রুপ ,-এর প্রধান এবং আবু সাইদ গ্রুপের সেকেন্ড ইন কমান্ড। তিনি বলেন , একইদিন মধ্যরাতে র্যা ব-২ আরেকটি অভিযান পরিচালনা করে মোহাম্মদপুর থানাধীন বসিলা রোড সংলগ্ন মেট্রো হাউজিং এলাকা থেকে অন্য দুই ছিনতাইকারী মো. শফিকুল ইসলাম সুজন (৩০) ও মো. রাসেলকে (২৩) দুটি সামুরাই এবং একটি চাইনিজ কুড়ালসহ গ্রেফতার করে। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৬.২০২৬ রিহাব)

## ঢলের পানিতে ডুবে গেছে সড়ক, ভোগান্তিতে ৫০ হাজার মানুষ

সুনামগঞ্জে বাড়ছে নদ -নদীর পানি। ইতোমধ্যে পাহাড়ি ঢলের পানিতে সড়ক তলিয়ে যাওয়ায় জেলা শহরের সঙ্গে তাহিরপুর উপজেলার সরাসরি সড়ক পথে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়ছে। এতে ভোগান্তিতে পড়েছেন ৫০ হাজারেরও বেশি মানুষ। রোববার (২১ জুন) দুপুরে তাহিরপুরের আনোয়ারপুরের সড়ক ডুবে যাওয়ায় এই যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়ে। জানা গেছে , গত দুইদিন ধরে সুনামগঞ্জে বৃষ্টিপাত হচ্ছে , পাশাপাশি ভারতের চেরাপুঞ্জিতে বৃষ্টিপাত অব্যাহ ত থাকায় পাহাড়ি ঢলে ক্রমাগত বাড়ছে সুনামগঞ্জের সব নদ -নদীর পানি। তবে পানি দ্রুত বৃদ্ধি পাওয়ায় সুনামগঞ্জের তাহিরপুর উপজেলার আনোয়ারপুর সড়ক ডুবে যাওয়ায় একদিকে যেমন তাহিরপুর উপজেলা জেলা শহরের সঙ্গে সড়ক পথে সরাসরি যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়েছে, তেমনি ওই সড়কে ছোটো বড়ো প্রায় শতাধিক যানবাহন সড়কে আটকা পড়ে। তবে বিকল্প পথ হিসেবে নৌকা দিয়ে বাড়তি ভাড়া দিয়ে জেলা শহরের আসছেন ওই এলাকার বাসিন্দারা। এতে ভোগান্তি পোহাতে হচ্ছে ৫০ হাজারের বেশি মানুষের। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৬.২০২৬ রিহাব)

## পাহাড়ি ঢলে জাফলংয়ে ভেসে গেছে দোকানপাট, সাদা পাথর বন্ধ ঘোষণা

টানা বৃষ্টি, উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢল ও বিরূপ আবহাওয়ার প্রভাবে সিলেটে কোম্পানীগঞ্জ উপজেলার সাদা পাথর পর্যটন সাময়িকভাবে বন্ধ ঘোষণা করা হয়েছে। জাফলংয়ে দোকানপাট ভেসে গেছে। রোববার (২১ মে) কোম্পানীগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা মো . রবিন মি য়া এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন , পাহাড়ি ঢলে পর্যটনকেন্দ্র, অস্থায়ী দোকানপাট পানিতে তলিয়ে গেছে। ঝুঁকিপূর্ণ পরিস্থিতি তৈরি হওয়ায় পর্যটকদের নিরাপত্তার কথা মাথায় রেখে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পরিস্থিতি স্বাভাবিক হলে পুনরায় পর্যটনকেন্দ্রটি খুলে দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে। স্থানীয়রা জানান , উজান থেকে আসা পাহাড়ি ঢলে দুর্যোগপূর্ণ পরিস্থিতির সৃষ্টি হয়েছে। সাদা পাথর এলাকায় অস্থায়ী অন্তত ৫০টি দোকান ঢলের পানিতে ভেসে গেছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৬.২০২৬ রিহাব)

## মীর্জা আব্বাস আগের তুলনায় অনেকটা সুস্থ: রেল প্রতিমন্ত্রী

ঢাকা-৮ আসনের সংসদ সদস্য ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা মীর্জা আব্বাস দেশবাসীর আন্তরিক দোয়া ও শুভকামনায় আগের তুলনায় অনেকটা সুস্থ রয়েছেন। রেলপথ মন্ত্রণালয় এবং সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগের

প্রতিমন্ত্রী হাবিবুর রশিদ তার ফেসবুক পেজে দেওয়া এক পো স্টে এ তথ্য জানান। পোস্টে বলা হয় , আমাদের শ্রদ্ধেয় বড়ো ভাই , ঢাকা-৮ আসনের মাননীয় সংসদ সদস্য ও মাননীয় প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা মীর্জা আব্বাস দেশবাসীর আন্তরিক দোয়া ও শুভকামনায় আগের তুলনায় অনেকটা সুস্থ। তার সুস্থতা কামনায় যারা দোয়া করেছেন , তাদের সবার প্রতি তিনি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন। পোস্টে আরও বলা হয় , ইনশাল্লাহ, পূর্ণ সুস্থতা লাভ করে তিনি অচিরেই পুনরায় জনগণের মাঝে ফিরে এসে দেশ ও জনগণের কল্যাণে তার দায়িত্ব ও কার্যক্রম যথারীতি অব্যাহত রাখবেন। মহান আল্লাহ তাআলার নিকট তার দ্রুত ও পূর্ণ সুস্থতা কামনা করছি।
(জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৬.২০২৬ রিহাব)

## বদলির কথা বলে টাকা আদায়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তা বরখাস্ত

বদলি ও পদায়নের কথা বলে মোটা অঙ্কের টাকা নেওয়ার অভিযোগে গ্রেফতার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা নীলুফার সুলতানাকে সাময়িক বরখাস্ত করেছে সরকার। গত ১৮ জুন রাষ্ট্রপতির আদেশক্রমে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপসচিব মুহাম্মদ আবদুল্যাহ আল জাবেদের সই করা এক প্রজ্ঞাপনে তাকে সাময়িক বরখাস্ত করা হয়। রোববার (২১ জুন) প্রজ্ঞাপনটি প্রকাশ করে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। প্রজ্ঞাপনে বলা হয় , স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা নীলুফার সুলতানার বিরুদ্ধে রমনা থানার এক মামলায় জড়িত থাকার অভিযোগের বিষয়ে প্রাথমিক প্রমাণাদি পাওয়া যায়। পরবর্তীতে ডিএমপি ডিবি থেকে তাকে গ্রেফতারের আবেদন করা হলে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রশাসন -১ শাখা থেকে গত ২২ মে মামলার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্তের স্বার্থে তাকে গ্রেফতারের অনুমতি দেওয়া হয়। এতে আরও বলা হয়েছে , মামলাটি সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্তের স্বার্থে নীলুফার সুলতানাকে গ্রেফতার করে পুলিশ রিমান্ডে নিয়ে জিজ্ঞাসাবাদ করে। রিমান্ড শেষে আদালতে পাঠানো হয় এবং বর্তমানে তিনি কারাগারে আছেন । সরকারি চাকরি আইন অনুযায়ী নীলুফার সুলতানাকে গ্রেফতারের তারিখ অর্থাৎ ২২ মে থেকে সাময়িক বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি মোতাবেক খোরপোশ ভাতা পাবেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৬.২০২৬ রিহাব)

## চট্টগ্রামে চুরির দায়ে যুবককে বৈদ্যুতিক শক দিয়ে হত্যার অভিযোগ

চট্টগ্রাম নগরের কোতোয়ালী থানার পলোগ্রাউন্ড মাঠ সংলগ্ন এলাকায় চুরির অভিযোগে এক যুবককে পিটিয়ে ও বৈদ্যুতিক শক দিয়ে হত্যার অভিযোগ উঠেছে। এ ঘটনায় মরদেহ উদ্ধার করতে গেলে পুলিশের গাড়ি অবরোধ করে বিক্ষোভ করেন স্থানীয় লোকজন। রোববার (২১ জুন) দুপুরে রেলওয়ে পাবলিক হাইস্কুলের গেটের ভেতর এ ঘটনা ঘটে। তাৎক্ষণিকভাবে নিহত ব্যক্তির পরিচয় জানা যায়নি। পুলিশ ও স্থানীয় সূত্র জানায় , চুরির অভিযোগে এক ব্যক্তিকে আটক করার পর তাকে মারধর করা হয়। এক পর্যায়ে তাকে বৈদ্যুতিক শক দেওয়া হলে তার মৃত্যু হয় বলে অভিযোগ রয়েছে। ঘটনার খবর পেয়ে কোতো য়ালী থানা-পুলিশ মরদেহ উদ্ধার করতে ঘটনাস্থলে যায়। এ সময় স্থানীয় বিক্ষুব্ধ জনতা পুলিশের একটি গাড়ি অবরোধ করে রাখে। এতে এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে।
(জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৬.২০২৬ রিহাব)

## বাস টার্মিনাল না সরিয়ে সমস্যা চিহ্নিত করে ব্যবস্থা নেওয়ার দাবি আইপিডির

ঢাকা শহরের যানজট নিরসনে সায়েদাবাদ , মহাখালী, গাবতলী ও ফুলবাড়িয়া - এই চার আন্তঃজেলা বাস টার্মিনাল শহরের বাইরে সরিয়ে নেওয়ার পরিকল্পনা ঢাকার পরিবহণ ও নগর বাস্তবতায় জনভোগান্তি আরও বাড়িয়ে দিতে পারে। বিদ্যমান সমস্যাগুলো চিহ্নিত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হলে টার্মিনালের আশেপাশের সড়কের শৃঙ্খলা উন্নত করা সম্ভব। এমনটাই মনে করে পরিকল্পনা ও উন্নয়ন বিষয়ক গবেষণা ও নীতি বিশ্লেষক প্রতিষ্ঠান ইনস্টিটিউট ফর প্ল্যানিং অ্যান্ড ডেভেলপমেন্ট (আইপিডি)। আইপিডি মনে করে, কার্যকর পরিকল্পনা এবং পর্যাপ্ত গণপরিবহণ সংযোগ নিশ্চিত না করে কেবল টার্মিনালগুলো শহরের প্রান্তে (কাঁচপুর, হেমায়েতপুর, টঙ্গী ও কেরানীগঞ্জ) সরিয়ে নিলে যানজট সমস্যার টেকসই সমাধান তো হবেই না , বরং মানুষের যাতায়াতে চরম জনভোগান্তি ও আর্থিক ক্ষতি বয়ে আনবে। রোববার (২১ জুন) এক বিবৃতিতে এসব তথ্য জানায় আইপিডি। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৬.২০২৬ রিহাব)

## ‘ইন্সপেক্টরকে গাছে ঝুলিয়ে দেব, মন্তব্য করা পুলিশ কর্মকর্তা প্রত্যাহার

‘ইন্সপেক্টরকে গাছের সঙ্গে ঝুলিয়ে দেব , আপনারা নিজে পিটাইয়া মারবেন ,- এমন মন্তব্য করার পর খুলনা মহানগর পুলিশের (কেএমপি) অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম) মোহাম্মদ রাশিদুল ইসলা ম খানকে প্রত্যাহার করা হয়েছে। গতকাল শনিবার (২০ জুন) পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) মো. আলী হোসেন ফকিরের সই করা এক আদেশে এ প্রত্যাহার করা হয়। এতে বলা হয়, খুলনা মহানগর পুলিশের (কেএমপি) অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম) মোহাম্মদ রাশিদুল ইসলাম খান বর্তমান কর্মস্থলে র দায়িত্বভার অর্পণ করে ২১ জুনের মধ্যে পুলিশ হেডকোয়ার্টারে রিপোর্ট করবেন। এর আগে , ‘ইন্সপেক্টরকে গাছের সঙ্গে ঝুলিয়ে দেব , আপনারা নিজে পিটাইয়া মারবেন ,- এমন বিতর্কিত মন্তব্যকে কেন্দ্র করে উদ্বেগ প্রকাশ করে বাংলাদেশ পুলিশ অ্যাসোসিয়েশন। সংগঠনটি বলেছে , পুলিশ বাহিনীর সদস্য ও কর্মকর্তাদের বক্তব্যে সব সময় পেশাদারিত্ব , সংযম এবং প্রাতিষ্ঠানিক মূল্যবোধের প্রতিফলন থাকা উচিত। এক

বিবৃতিতে সংগঠনটি জানায় , ১৭ জুন কেএমপির লবণচরা থানা এলাকায় আয়োজিত এক সুধী সমাবেশে সাধারণ মানুষের সঙ্গে মতবিনিময়কালে অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম) মোহাম্মদ রাশিদুল ইসলাম খান আইন -শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে অপরাধীদের বিষয়ে তথ্য দেওয়ার ক্ষেত্রে গোপনীয়তা রক্ষার আশ্বাস দেন। এক পর্যায়ে তিনি বলেন , কোনো তথ্য থানার ইন্সপেক্টরকে দেওয়ার পর , তা ফাঁস হলে তিনি নিজেই ওই ইন্সপেক্টরকে 'গাছের সঙ্গে ঝুলিয়ে দেবেন, এবং পরে জনগণ তাকে 'পিটিয়ে মারবে,। বিবৃতিতে পুলিশ অ্যাসোসিয়েশন বলেছে, জনসম্মুখে দেওয়া যে-কোনো বক্তব্য এমন হওয়া উচিত , যা বাহিনীর মর্যাদা, শৃঙ্খলা ও জনগণের আস্থাকে আরও সুদৃঢ় করে। সাম্প্রতিক বছরগুলোয় নানান চ্যালেঞ্জ মোকাবিলা করে বাংলাদেশ পুলিশ পেশাদারিত্ব , ধৈর্য ও দায়িত্বশীলতার সঙ্গে জনগণের সেবা দিয়ে যাচ্ছে। এই অবস্থায় সদস্যদের মনোবল , পেশাগত নিরাপত্তা ও পারস্পরিক সম্মান বজায় রাখা অত্যন্ত গুরুত্বপূর্ণ। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৬.২০২৬ রিহাব)

## ঢাকায় আওয়ামী লীগের মিছিল, আটক ১০

রাজধানীর মোহাম্মদপুরের কলেজগেট এলাকায় মিছিল করার সময় কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের ১০ নেতা-কর্মীকে আটক করেছে পুলিশ। রোববার (২১ জুন) ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) তেজগাঁও বিভাগের মোহাম্মদপুর জোনের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (এডিসি) জুয়েল রানা এ তথ্য নিশ্চিত করেন। আটকরা হলেন - সজীব সর্দার, মো. নাজির হোসেন, মো. কবির, কালাম ফরাজি, কবির, আলী রাজ হুসাইন, স্বপন, সিরাজ, মো. হেলাল হোসেন, আসাদ উদ্দিন। এডিসি জুয়েল রানা বলেন , রোববার সকালে রাজধানীর কলেজগেট এলাকায় মিছিল করার সময় কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ ও অঙ্গসংগঠনের ১০ নেতা-কর্মীকে আটক করেছে মোহাম্মদপুর থানা পুলিশ।
(জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৬.২০২৬ রিহাব)

## বিরোধীদলীয় নেতার সঙ্গে সুইডেনের রাষ্ট্রদূতের সাক্ষাৎ

বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ও জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ডা . শফিকুর রহমানের সঙ্গে বাংলাদেশে নিযুক্ত সুইডেনের রাষ্ট্রদূত নিকোলাস উইকস সৌজন্য সাক্ষাৎ করেছে ন। রোববার (২১ জুন) বেলা সাড়ে ১১টায় জাতীয় সংসদ ভবনে বিরোধীদলীয় নেতার কার্যালয়ে সাক্ষাৎ করেন নিকোলাস উইকস। এসময় সুইডেন দূতাবাসের ফার্স্ট সেক্রেটারি ম্যাটিল্ডা সভেনসন এবং সেকেন্ড সেক্রেটারি ও বাণিজ্য -রাজনীতি ও যোগাযোগ বিভাগের প্রধান ওলে লুন্দিন উপস্থিত ছিলেন। এতে বাংলাদেশে নির্বাচন-পরবর্তী সার্বিক পরিস্থিতি, বাংলাদেশ-সুইডেন দ্বিপক্ষীয় সম্পর্ক, বিনিয়োগ, আন্তর্জাতিক সম্পর্কসহ পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। এ সময় বাংলাদেশের প্রতি সুইডেনের দৃঢ় সমর্থন অব্যাহত থাকবে বলে জানান সুইডিশ রাষ্ট্রদূ ত। একইসঙ্গে ভবিষ্যতে বাংলাদেশে সুইডেনের বিনিয়োগ আরও বাড়বে বলে উভয়পক্ষ আশাবাদ ব্যক্ত করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৬.২০২৬ রিহাব)

## প্রধানমন্ত্রী হিসেবে প্রথম বিদেশের মাটিতে তারেক রহমান

প্রধানমন্ত্রী হিসেবে প্রথম রাষ্ট্রীয় সফরে মালয়েশিয়ায় পৌঁছেছেন বিএনপি চেয়া রম্যান তারেক রহমান। রোববার (২১ জুন) বাংলাদেশ সময় সন্ধ্যা ৬টা ৫৮ মিনিটে প্রধানমন্ত্রী ও তার সফরসঙ্গীদের বহনকারী বাংলাদেশ বিমান এয়ারলাইনসের একটি ফ্লাইট কুয়ালালামপুর আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করেছে। বিএনপির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান এ তথ্য নিশ্চি ত করেছেন। তিনি জানান , নির্ধারিত সময় অনুযায়ী ফ্লাইটটি নিরাপদে কুয়ালালামপুরে অবতরণ করে। কুয়ালালামপুর বিমানবন্দরের ভিআইপি টার্মিনাল বুঙ্গা রায়া কমপ্লেক্সে প্রধানমন্ত্রী ও তার সহধর্মিণী জুবাইদা রহমানকে স্বাগত জানান মালয়েশিয়ার ধর্মমন্ত্রী জুলকিফলি হাসান ও তার সহধর্মিণী হানানি হারুন। এসময় মালয়েশিয়ায় বাংলাদেশের হাইকমিশনার মনজুরুল করিম খান চৌধুরী সেখানে উপস্থিত ছিলেন। এর আগে প্রধানমন্ত্রী ও তার সফরসঙ্গীদের বহনকারী ফ্লাইটটি রোববার বিকেল পৌনে ৩টায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে কুয়ালালামপুরের উদ্দেশ্যে উড্ড য়ন করে। প্রধানমন্ত্রীর সফরসঙ্গী হিসেবে রয়েছেন তার স্ত্রী ডা. জুবাইদা রহমান। এছাড়া মন্ত্রিপরিষদের কয়েকজন সদস্য , প্রধানমন্ত্রীর উপদেষ্টা, উচ্চপদস্থ সরকারি কর্মকর্তা এবং ব্যক্তিগত কর্মকর্তারাও তার সফরসঙ্গী হয়েছেন। গত ১৭ ফেব্রুয়ারি প্রধানমন্ত্রী হিসেবে শপথ নে ওয়ার পর এটিই তারেক রহমানের প্রথম বিদেশ সফর। দুদিনের মালয়েশিয়া সফর শেষে তিনি চীন সফর করবেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৬.২০২৬ রিহাব)

## কাতারে সড়ক দুর্ঘটনায় ৫ বাংলাদেশি নিহত, সবাই সিলেটের বাসিন্দা

কাতারে সড়ক দুর্ঘটনায় পাঁচ বাংলাদেশিসহ অন্তত ছয়জন নিহত হয়েছেন। স্থা নীয় সময় শনিবার (২০ জুন) সকালে দেশটির আল শাহানিয়া এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত পাঁচ বাংলাদেশিই সিলেটের কানাইঘাট উপজেলার বাসিন্দা। তারা হলেন উপজেলার গাছবাড়ি গ্রামের জসিম উদ্দিন , জিবাল উদ্দিন, মস্তাক আহমদ, জুবায়ের আহমদ ও কাদের আহমদ। দুর্ঘটনায় নিহত অপর ব্যক্তি একজন ভারতীয় নাগরিক। পারিবারিক ও স্থানীয় সূত্রে জানা গেছে , শনিবার

সকালে প্রবাসীরা একটি পিকআপ ভ্যানে করে তাদের কর্মস্থলে যাচ্ছিলেন। পথে শাহানিয়া এলাকায় চালক নিয়ন্ত্রণ হারালে গাড়িটি দুর্ঘটনার কবলে পড়ে। এতে ঘটনাস্থলেই ওই ছয় আরোহীর মৃত্যু হয়। এ বিষয়ে জালালাবাদ অ্যাসোসিয়েশন কাতারের সাধারণ সম্পাদক আহমেদ মালেক জানান , বাংলাদেশ দূতাবাসের সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করা হচ্ছে। প্রয়োজনীয় আইনি প্রক্রিয়া সম্পন্ন করে নিহত পাঁচ প্রবাসীর মরদেহ দ্রুততম সময়ের মধ্যে দেশে পাঠানোর ব্যবস্থা করা হচ্ছে। কানাইঘাটের তালবাড়ি এলাকা র বাসিন্দা কাতার প্রবাসী নাহিম চৌধুরী বলেন, সকালে দুর্ঘটনায় এক ভারতীয় নাগরিকসহ ছয়জন মারা গেছে। তাদের মধ্যে পাঁচজন বাংলাদেশি। তাদের সবার বাড়ি কানাইঘাটের গাছবাড়ি এলাকায়। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৬.২০২৬ রিহাব)

## উত্তরে ভারী বৃষ্টির আভাস, বন্যায় প্লাবিত হতে পারে নদীসংলগ্ন নিম্নাঞ্চল

২১ থেকে ৩০ জুন আগামী ১০ দিন দেশের উত্তরাঞ্চল ও তৎসংলগ্ন উজানে সামগ্রিকভাবে ভারী বৃষ্টিপাতসহ স্বাভাবিকের চেয়ে বেশি বৃষ্টিপাত হতে পারে। ফলে আগামী সাতদিনে উত্তরাঞ্চলীয় রংপুর, নীলফামারী, লালমনিরহাট ও কুড়িগ্রাম জেলায় তিস্তা , ধরলা ও দুধকুমা র নদীসংলগ্ন নিম্নাঞ্চল এবং উত্তর -পূর্বাঞ্চলের সিলেট ও সুনামগঞ্জ জেলায় সুরমা-কুশিয়ারা নদীসংলগ্ন নিম্নাঞ্চলে স্বল্পমেয়াদি বন্যা পরিস্থিতি সৃষ্টি হতে পারে। এছাড়া উত্তর -পূর্বাঞ্চলীয় নেত্রকোনা, ময়মনসিংহ ও শেরপুর জেলায় ভুগাই -কংস ও সোমেশ্বরী নদীসংলগ্ন নিম্নাঞ্চল কোথাও কোথাও সাময়িকভাবে প্লাবিত হতে পারে। রোববার (২১ জুন) বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের পানি সমতল সম্পর্কিত সাপ্তাহিক ধারণাগত পূর্বাভাসে এসব তথ্য জানানো হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৬.২০২৬ রিহাব)

## এমপি আজহারুল ইসলামের ছেলে ডিবি হেফাজতে

নারায়ণগঞ্জ-৩ (সোনারগাঁ) আসনের সংসদ সদস্য আজহারুল ইসলাম মান্নানের ছেলে খাইরুল ইসলাম সজীবকে জিজ্ঞাসাবাদের জন্য ডিবি হেফাজতে নেওয়া হয়েছে। রোববার (২১ জুন) সন্ধ্যায় তাকে ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) ডিবি হেফাজতে নেওয়া হয়। বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেন ঢাকা মহানগর পু লিশের গোয়েন্দা (ডিবি) প্রধান শফিকুল ইসলাম। তিনি বলেন , আটক সজীবের বিরুদ্ধে বেশ কয়েকটি অভিযোগ রয়েছে। এর পরিপ্রেক্ষিতে তাকে জিজ্ঞাসাবাদের জন্য আনা হয়েছে। জিজ্ঞাসাবাদ শেষে বিস্তারিত জানানো হবে। আটক সজীব নারায়ণগঞ্জ জেলা যুবদলের যুগ্ম আহ্বায়কের পদে রয়েছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৬.২০২৬ রিহাব)

## ২৩৮৬৫টি রাজনৈতিক মামলা প্রত্যাহার: সংসদে আইনমন্ত্রী

আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী মো . আসাদুজ্জামান জানিয়েছেন, রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত ও হয়রানিমূলক মোট ২৩ হাজার ৮৬৫টি মামলা ইতোমধ্যে প্রত্যাহার করা হয়েছে। রোববার (২১ জুন) জাতীয় সংসদে সংরক্ষিত নারী আসনের সরকারি দলের সদস্য নিলুফার চৌধুরী মনির তারকা চিহ্নিত প্রশ্নের জবাবে মন্ত্রী এ তথ্য জানান। আইনমন্ত্রী জানান, বিগত সরকারের সময়ে বিএনপি, জামায়াতে ইসলামীসহ বিরোধী দলের নেতাকর্মীদের বিরুদ্ধে কতটি মিথ্যা ও রাজনৈতিক হয়রানিমূলক মামলা হয়েছে, এ বিষয়ে সরকারের কাছে নির্দিষ্ট কোনো পরিসংখ্যান নেই। তিনি আরও জানান, মামলা দায়েরের সময় এফআইআরে রাজনৈতিক পরিচয় উল্লেখ করা হয় না। তাই দেশের বিভিন্ন স্থানে বিএনপি ও জামায়াত নেতাকর্মীদের বিরুদ্ধে দায়ের করা মিথ্যা বা হয়রানিমূলক মামলার সুনির্দিষ্ট সংখ্যা নির্ধারণ করা সম্ভব নয়। তবে বিএনপির কেন্দ্রীয় কার্যালয় থেকে প্রাপ্ত তথ্য উদ্ধৃত করে মন্ত্রী জানান , ২০০৭ থেকে ২০২৫ সালের ১১ জানুয়ারি পর্যন্ত বিএনপি নেতাকর্মীদের বিরুদ্ধে মোট ১ লাখ ৪২ হাজার ৯৮৩টি মিথ্যা ও হয়রানিমূলক মামলা দায়ের করা হয়েছিল। তিনি আরও জানান , জামায়াতে ইসলামী নেতা -কর্মীদের বিরুদ্ধে দায়ের করা মামলার কোনো নির্দিষ্ট পরিসংখ্যান সরকারের কাছে নেই। মন্ত্রী জানান , দায়িত্ব গ্রহণের পর সরকার রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত মামলা প্রত্যাহারের উদ্যোগ নেয়। এ লক্ষ্যে ২০২৬ সালের ৫ মার্চ প্রতিটি জেলায় জেলা ম্যাজিস্ট্রেটে র নেতৃত্বে চার সদস্যবিশিষ্ট কমিটি গঠন করা হয়। তিনি জানান , এসব কমিটি মামলা প্রত্যাহারের আবেদন, এফআইআর, চার্জশিটের কপি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং সরকারি কৌঁসুলির মতামত পর্যালোচনা করে সুপারিশ প্রদান করে। ২০২৬ সালের ৮ মার্চ আইনমন্ত্রীর নেতৃত্বে ছয় সদস্যবিশিষ্ট একটি কেন্দ্রীয় কমিটি গঠন করা হয়, যা জেলা কমিটির সুপারিশ পর্যালোচনা করে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করে। তিনি জানান , এখন পর্যন্ত মোট ২৩ হাজার ৮৬৫টি রাজনৈতিক হয়রানিমূলক মামলা প্রত্যাহার করা হয়েছে এবং বাকি যোগ্য মামলাগুলোও পর্যায়ক্রমে প্রত্যাহারের প্রক্রিয়া চলমান।
(জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৬.২০২৬ রিহাব)

## ভারতের সঙ্গে পানিবণ্টন চুক্তিগুলো পর্যালোচনা করা হচ্ছে

ভারতের সঙ্গে বিদ্যমান আন্তঃসীমান্ত পানি বণ্টনসংক্রান্ত চুক্তি ও সমঝোতাগুলো পর্যালোচনা করা হচ্ছে বলে জানিয়েছেন পানিসম্পদ মন্ত্রী শহীদউদ্দীন চৌধুরী এ্যানি। আন্তঃসীমা ন্ত নদীগুলোর পানির ন্যায্য হিস্যা আদায়ে বর্তমান সরকার বদ্ধপরিকর উল্লেখ করে তিনি বলেন , বিষয়টি অত্যন্ত গুরুত্বের সঙ্গে সরকারের নির্বাচনি ইশতেহারে অন্তর্ভুক্ত করা হয়েছে। এ লক্ষ্যে বিদ্যমান চুক্তি ও সমঝোতাগুলো পর্যালোচনা করে নতুন চুক্তি সম্পাদন , যৌথ নদী কমিশন

(জেআরসি) বাংলাদেশকে আরও শক্তিশালী করা এবং অববাহিকাভুক্ত দেশ - ভারত, নেপাল, ভুটান ও চীনের সমন্বয়ে সমন্বিত পানি ব্যবস্থাপনা গড়ে তুলতে সরকার কাজ করছে। রোববার (২১ জুন) ত্রয়োদশ জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশনের ১১তম কার্যদিবসে প্রশ্নোত্তর পর্বে কুমিল্লা-৯ আসনের সংসদ সদস্য আবুল কালামের প্রশ্নের জবাবে মন্ত্রী এসব কথা জানান। শহীদউদ্দীন চৌধুরী এ্যানি বলেন, উজানের দেশগুলোতে আন্তঃসীমান্ত নদীর ওপর বিভিন্ন অবকাঠামো নির্মাণের ফলে শুকনো মৌসুমে বাংলাদেশে পানিপ্রবাহ হ্রাস পাওয়ার বিষয়টি অসত্য নয়। পাশাপাশি প্রাকৃতিক কারণ ও জলবায়ু পরিবর্তনের প্রভাবেও উজানে পানির প্রাপ্যতা দিন দিন কমে যাচ্ছে। জামায়াতে ইসলামীর সংসদ সদস্য নুরুল ইসলামের প্রশ্নের জবাবে পানিসম্পদ মন্ত্রী বলেন, জাতীয় স্বার্থ এবং দেশের পানিসম্পদ ব্যবস্থাপনা, কৃষি, মৎস্য, পরিবেশ ও আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়নের জন্য পদ্মা ব্যারাজ প্রকল্প অত্যন্ত গুরুত্বপূর্ণ ও বাস্তবসম্মত। দীর্ঘমেয়াদি পরিকল্পনা এবং জাতীয় স্বার্থ সংরক্ষণের প্রেক্ষাপটে প্রকল্পটি যাচাই-বাছাই করে অনুমোদন দেওয়া হয়েছে। এর কার্যকর বাস্তবায়ন নিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থাপনা গ্রহণের পাশাপাশি বিশেষজ্ঞ পরামর্শক নিয়োগ করা হয়েছে। নওগাঁ-৩ আসনের সংসদ সদস্য ফজলে হুদার প্রশ্নের জবাবে মন্ত্রী জানান, দেশব্যাপী নদী, নালা, খাল ও জলাধার খনন এবং পুনঃখনন কর্মসূচির আওতায় আগামী পাঁচ বছরে ৯ হাজার ৪৬ কিলোমিটার খাল খনন ও পুনঃখননের পরিকল্পনা নেওয়া হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৬.২০২৬ রিহাব)

## ‘গ্রেফতার এড়াতে, ছাদ থেকে লাফ, প্রাণ গেল আওয়ামী লীগ নেতার

বরিশালে পুলিশের অভিযানের সময় গ্রেফতার এড়াতে ছাদ থেকে লাফ দিয়ে রাশেদ খান মেনন নামের এক আওয়ামী লীগ নেতার মৃত্যু হয়েছে। রোববার (২১ জুন) দুপুরে বরিশাল নগরীর পশ্চিম কাউনিয়া এলাকায় এই ঘটনা ঘটে। নিহত রাশেদ খান কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের বরিশাল মহানগরীর ১ নম্বর ওয়ার্ড শাখার সাধারণ সম্পাদক ছিলেন। তার ঘনিষ্ঠজনদের দাবি, দুপুরে কোনো মামলা ছাড়াই রাশেদ খান মেননের পশ্চিম কাউনিয়ার বাসায় অভিযান চালায় কাউনিয়া থানা পুলিশ। এসময় আতঙ্কিত হয়ে গ্রেফতার এড়াতে তিনি বাড়ির ছাদ থেকে নিচে লাফিয়ে পড়ে গুরুতর আহত হন। পরিবারের লোকজন মুমূর্ষু অবস্থায় উদ্ধার করে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ (শেবাচিম) হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। তবে অভিযানের বিষয়টি অস্বীকার করেছেন কাউনিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সনজিত চন্দ্র নাথ। তিনি বলেন, সেখানে পুলিশের কোনো অভিযান ছিল না। প্রাথমিকভাবে জানা গেছে, রাশেদ খান মেননের হার্টে রিং পরানো ছিল। তিনি নিজ বাসার ছাদে হাঁটাহাঁটি করার সময় অসাবধানতাবশত নিচে পড়ে গিয়ে মারা যান। ওসি আরও জানান, পুরো বিষয়টি নিয়ে পুলিশের তদন্ত চলছে। ঘটনার পর পরিবারের সদস্যরা শেবাচিম হাসপাতাল থেকে তার মরদেহ নিয়ে গেছেন।

(জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৬.২০২৬ রিহাব)

## যাত্রাবাড়ীতে পুলিশের বিশেষ অভিযান, গ্রেফতার ১৯

যাত্রাবাড়ী থানা এলাকায় বিশেষ অভিযান চালিয়ে বিভিন্ন অপরাধে জড়িত ১৯ জনকে গ্রেফতার করেছে পুলিশ। রোববার (২১ জুন) ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশনস বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য নিশ্চিত করেন। যাত্রাবাড়ী থানার বরাত দিয়ে নিয়াজ মেহেদী বলেন, শনিবার (২০ জুন) যাত্রাবাড়ী থানা পুলিশ বিভিন্ন অপরাধপ্রবণ এলাকায় বিশেষ অভিযান চালিয়ে বিভিন্ন অপরাধে জড়িত ১৯ জনকে গ্রেফতার করে। তাদের মধ্যে নিয়মিত ও পরোয়ানাভুক্ত মামলার আসামি এবং বিভিন্ন অপরাধে জড়িত অপরাধী রয়েছেন। তাদের আদালতে পাঠানো হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৬.২০২৬ রিহাব)

## সেই জামায়াত এমপির ‘শহিদ মুক্তিযোদ্ধার সন্তান, দাবি সংসদে এক্সপাঞ্জ

নীলফামারী-৪ আসনের জামায়াতের এমপি আবদুল মুনতাকিম বাজেট আলোচনায় নিজেকে ‘শহিদ মুক্তিযোদ্ধার সন্তান, দাবি করার বিষয়টি সংসদের কার্যবিবরণী থেকে এক্সপাঞ্জ করেছেন স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীরবিক্রম। রোববার (২১ জুন) জাতীয় সংসদের দ্বিতীয় ও প্রথম বাজেট অধিবেশনের ১১তম দিনে স্পিকার এ ঘোষণা দেন। দিনের অধিবেশনের শুরুতে প্রশ্নোত্তর টেবিলে উত্থাপন করার পর পয়েন্ট অব অর্ডারে দাঁড়ান কিশোরগঞ্জ-২ আসনের সংসদ সদস্য মো. জালাল উদ্দিন। তিনি স্পিকারের দৃষ্টি আকর্ষণ করে বলেন, গত ১৪ জুন নীলফামারী-৪ আসনের সংসদ সদস্য আবদুল মুনতাকিম বাজেটের ওপর আলোচনা করতে গিয়ে নিজেকে শহিদ মুক্তিযোদ্ধার সন্তান দাবি করেছেন, যা সম্পূর্ণ অসত্য। উনার পিতা এখনো জীবিত আছেন। এ অসত্য বিবৃতিটি ইতোমধ্যেই সংসদীয় কার্যবিবরণীতে অন্তর্ভুক্ত হয়ে গেছে। আমি এটি এক্সপাঞ্জ করার অনুরোধ করছি। জবাবে স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীরবিক্রম বলেন, এটি পয়েন্ট অব অর্ডার না হলেও বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। সংশ্লিষ্ট সদস্য (আবদুল মুনতাকিম) সেদিনই আমার চেম্বারে এসে জানিয়েছেন যে, ভুলবশত তার মুখ থেকে এটি বেরিয়ে এসেছে। উনার পিতা জীবিত আছেন এবং তিনি নিজেও তার ভুল স্বীকার করেছেন। এটি একটি অনিচ্ছাকৃত ভুল বা ‘স্লিপ অব টাং,। সুতরাং, এটিকে সংসদের কার্যবিবরণী থেকে এক্সপাঞ্জ করা হবে। গত ১৪ জুন সংসদের বাজেট অধিবেশনে বক্তব্য দিতে গিয়ে জামায়াতের এমপি আবদুল মুনতাকিম দাবি করেন, একাত্তর সালের মহান মুক্তিযুদ্ধে তার পরিবারের গৌরবোজ্জ্বল

ভূমিকা রয়েছে। সেদিন তিনি সংসদে দাঁড়িয়ে বলেন , `আমার বাবা, আমার দাদা মুক্তিযুদ্ধে শহিদ। আমার আব্বারা (বাবা-চাচা) সাত ভাই, চারজন মুক্তিযোদ্ধা। আমার দাদারা ১৯ জন, ১১ জন মুক্তিযোদ্ধা। আমার পরিবারে ৪৭ জন মুক্তিযোদ্ধা। আমার মা মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক। আ মি জুলাইযোদ্ধা।„ তবে ৪৫ বছর বয়সি এই সংসদ সদস্যের নিজের বাবাকে ১৯৭১ সালের মুক্তিযুদ্ধে `শহিদ, দাবি করা নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে হাস্যরস তৈরি হয়। নির্বাচনি হলফনামার তথ্য বিশ্লেষণে দেখা যায়, মনোনয়নপত্র দাখিলের সময় আবদুল মুনতাকিমের বয়স ছিল ৪৪ বছর ১১ মাস ২০ দিন। ১৯৮১ সালের ১০ জানুয়ারি জন্ম নেওয়া একজন ব্যক্তির পক্ষে শহিদের সন্তান হওয়া কীভাবে সম্ভব, এ নিয়ে সামাজিক মাধ্যমসহ দেশজুড়ে সমালোচনাও হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৬.২০২৬ রিহাব)

## দেশের যে-কোনো স্থানে হাইকোর্টের অধিবেশন বসাতে পারেন প্রধান বিচারপতি

আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান বলেছেন, ঢাকার বাইরে দেশের অন্যান্য বিভাগে হাইকোর্টের কোনো স্থায়ী বেঞ্চ প্রতিষ্ঠার সুযোগ নেই , কারণ এটি সংবিধানের মৌলিক কাঠামোর পরিপন্থি। তবে প্রধান বিচারপতি চাইলে এবং প্রয়োজন মনে করলে রাষ্ট্রপতির অনুমোদন নিয়ে ঢাকার বাইরে দেশের যে -কোনো স্থানে হাইকোর্টের সাময়িক অধিবেশন বসাতে পারেন। রোববার (২১ জুন) সংসদ অধিবেশনে সংরক্ষিত মহিলা আসনের সংসদ সদস্য সেলিনা সুলতানার এক প্রশ্নের জবাবে মন্ত্রী সরকারের এই অবস্থানের কথা স্পষ্ট করেন। সংসদ সদস্য সেলিনা সুলতানা তার প্রশ্নে জানতে চান, দেশের বিভাগওয়ারী হাইকোর্টের স্থায়ী বেঞ্চ স্থাপনের কোনো পরিকল্পনা সরকারের আছে কি না , থাকলে তা কবে বাস্তবায়িত হবে এবং না থাকলে তার কারণ কী। জবাবে আইনমন্ত্রী মো . আসাদুজ্জামান সংবিধানের ১০০ অনুচ্ছেদের উদ্ধৃতি দিয়ে বলেন, দেশের সর্বোচ্চ আদালতের আসন সম্পর্কে সংবিধানে সুনির্দিষ্ট ও স্পষ্ট বিধান রয়েছে। সংবিধান অনুযায়ী, সুপ্রিম কোর্টের স্থায়ী আসন থাকবে কেবল রাজধানীতেই। তবে দেশের মানুষের বিচারিক প্রয়োজনে রাষ্ট্রপতির অনুমতি সাপেক্ষে প্রধান বিচারপতি ঢাকার বাইরে যে -কোনো জায়গায় হাইকোর্টের অধিবেশন বসানোর সিদ্ধান্ত নিতে পারেন। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৬.২০২৬ রিহাব)

## কারিগরি শিক্ষার উন্নয়নে একসঙ্গে কাজ করবে বাংলাদেশ-পাকিস্তান

কারিগরি, বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রমের উন্নয়নে বাংলাদেশ ও পাকিস্তান একসঙ্গে কাজ করতে আগ্রহ প্রকাশ করেছে। রোববার (২১ জুন) সচিবালয়ে শিক্ষামন্ত্রী ড . আ ন ম এহছানুল হক মি লন ও ঢাকায় নিযুক্ত পাকিস্তানের হাইকমিশনার ইমরান হায়দার এক বৈঠকে এ বিষয়ে একমত হয়েছেন। শিক্ষা মন্ত্রণালয়ের অফিসকক্ষে সাক্ষাৎকালে শিক্ষামন্ত্রী ও হাইকমিশনার উভয় দেশের শিক্ষার উন্নয়ন ও বিভিন্ন উদ্যোগ নিয়ে আলোচনা করেন। শিক্ষামন্ত্রী ড . আ ন ম এহছানুল হক মিলন বলে ন, বর্তমান সরকার দেশের জনসংখ্যাকে দক্ষ মানবসম্পদে পরিণত করতে কাজ করছে। দক্ষতার উন্নয়নে কারিগরি শিক্ষাকে পাঠ্যক্রমে অন্তর্ভুক্ত করার উদ্যোগ নেওয়া হয়েছে। এক্ষেত্রে বাংলাদেশ ও পাকিস্তানের একসঙ্গে কাজ করার সুযোগ রয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৬.২০২৬ রিহাব)

## ডেঙ্গুতে একদিনে দুই নারীর মৃত্যু

সারাদেশে ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে আরও দুইজনের মৃত্যু হয়েছে। এসময়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ২২০ জন ডেঙ্গুরোগী। এ নিয়ে চলতি বছর ডেঙ্গুতে মৃতের সংখ্যা বেড়ে ৯ জনে এবং শনাক্ত রোগী বেড়ে চার হাজার ৯০০ জনে দাঁড়িয়েছে। রোববার (২১ জুন) স্বাস্থ্য অধিদপ্তরের ডেঙ্গুবিষয়ক নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। স্বাস্থ্য অধিদপ্তর জানায়, গত ২৪ ঘণ্টায় যারা ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন তাদের মধ্যে বরিশাল বিভাগে (সিটি করপোরেশনের বাইরে) ৫৪ জন, চট্টগ্রাম বিভাগে (সিটি করপোরেশনের বাইরে) ১৬ জন, ঢাকা বিভাগে (সিটি করপোরেশনের বাইরে ) ৪৪ জন, ঢাকা উত্তর সিটি করপোরেশনে (ডিএনসিসি) ২৯ জন, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনে (ডিএসসিসি) ২০ জন, খুলনা বিভাগে (সিটি করপোরেশনের বাইরে) ৫২ জন, ময়মনসিংহ বিভাগে (সিটি করপোরেশনের বাইরে) একজন ও সিলেট বিভাগে (সিটি করপোরেশনে র বাইরে) চারজন। বিজ্ঞপ্তিতে আরও বলা হয়েছে, ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে দুই নারীর মৃত্যু হয়েছে। তাদের মধ্যে একজনের বরিশাল বিভাগে ও একজনের ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনে মৃত্যু হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৬.২০২৬ রিহাব)

## ইলিয়াস আলী অপহরণে জিয়াউল আহসান জড়িত: চিফ প্রসিকিউটর

আওয়ামী লীগের শাসনামলে বিএনপির নিখোঁজ নেতা ইলিয়াস আলীকে মেজর জেনারেল (অব.) জিয়াউল আহসান অপহরণ করেছিলেন বলে জানিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মো . আমিনুল ইসলাম। রোববার (২১ জুন) ট্রাইব্যুনালের নিজ কার্যালয়ে আয়োজিত এক প্রেস ব্রিফিংয়ে সাংবাদিকদের এমন তথ্য জানান তিনি। চিফ প্রসিকিউটর মো . আমিনুল ইসলাম বলেন, ”বিএনপির নিখোঁজ নেতা ইলিয়াস আলীকে মেজর জেনারেল (অব.) জিয়াউল আহসান অপহরণ করেছিলেন , তা প্রমাণিত।„ তিনি আরও বলেন, ”তদন্ত ও প্রাপ্ত তথ্য -উপাত্তের ভিত্তিতে ইলিয়াস আলীর অপহরণের ঘটনায় জিয়াউল আহসানের সম্পৃক্ততা প্রমাণিত হয়েছে। „ এর আগে, গুম ও শতাধিক মানুষকে হত্যার মামলায় জিয়াউল আহসানের বিরুদ্ধে অভিযোগ আমলে নেয় আন্তর্জাতিক অপরাধ

ট্রাইব্যুনাল-১। জিয়াউল আহসানের বিরুদ্ধে গাজীপুরে তিনজনকে হত্যা ছাড়াও বরগুনার পাথরঘাটার চর দুয়ানিতে ৫০ জন হত্যা, বনদস্যু দমনের নামে সুন্দরবনে বন্দুকযুদ্ধের নাটক সাজিয়ে বেশ কয়েকজনকে হত্যার তিনটি সুনির্দিষ্ট অভিযোগ আনা হয়েছিল তার বিরুদ্ধে। এদিকে , আওয়ামী লীগ আমলে সংঘটিত শতাধিক গুম -খুনের ঘটনায় করা মানবতাবিরোধী অপরাধের মামলায় মেজর জেনারেল (অব.) জিয়াউল আহসানের বিরুদ্ধে সাক্ষী হিসেবে জবানবন্দি দিয়েছেন তারই এক সময়কার রানার সেনা কর্মকর্তা ইমরুল কায়েস। জবানবন্দিতে বিএনপি নেতা ইলিয়াস আলীর গুমের বর্ণনা তুলে ধরেন তিনি। রোববার আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল -১ এর বিচারিক প্যানেলে এ জবানবন্দি পেশ করেন তিনি। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৬.২০২৬ রিহাব)

## সারওয়ারের বদলির সঙ্গে মাজারের আয়-ব্যয়ে স্বচ্ছতার উদ্যোগের সম্পর্ক নেই

সিলেটের জেলা প্রশাসক (ডিসি) মো. সারওয়ার আলমের বদলির সঙ্গে মাজারের আয় -ব্যয়ের স্বচ্ছতা আনার উদ্যোগ বা অন্য কিছু মেলানোর কারণ নেই বলে জানিয়েছেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী মো . আব্দুল বারী। কোনো ব্যক্তি কোনো জায়গায় `অপরিহার্য নন, বলেও উল্লেখ করেন তিনি। রোববার (২১ জুন) সিলেটের ডিসি সারওয়ার আলমকে প্রত্যাহার করেছে সরকার। এ উপ-সচিবকে জনপ্রশাসন মন্ত্রণালয়ে সংযুক্ত করে প্রজ্ঞাপন জারি করে জনপ্রশাসন মন্ত্রণালয়। কেন তাকে ডিসির পদ থেকে প্রত্যাহার করা হয়েছে প্রজ্ঞাপনে সে বিষয়ে কিছু বলা হয়নি। তবে তার এ বদলির পর সামাজিক যোগাযোগমাধ্যমে সমালোচনার ঝড় উঠেছে। সারওয়ার আলমের এ বদলির বিষয়ে জানতে চাইলে জনপ্রশাসন প্রতিমন্ত্রী সন্ধ্যায় জাগো নিউজকে বলেন , ”বদলি নিয়ে আলোচনা -সমালোচনার কোনো কারণ নেই । সরকারি কর্মকর্তাদের বদলি একটি স্বাভাবিক প্রশাসনিক প্রক্রিয়া। একজন কর্মকর্তা এক জায়গা থেকে অন্য জায়গায় যাবেন, আবার অন্য কর্মকর্তা এসে দায়িত্ব পালন করবেন , এটাই সরকারের স্বাভাবিক কার্যক্রম।„ সিলেটের মাজারের আয়-ব্যয়ের অনিয়ম নিয়ে সারওয়ার আলমের পদক্ষেপের পরপরই তার বদলি হওয়ায় ঘটনা দুটির মধ্যে সম্পর্ক রয়েছে বলে অনেকে মনে করেন। এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে প্রতিমন্ত্রী বলেন , ”লোকের এভাবে মেলালে তো হবে না। মাজারের সঙ্গে এ বদলির কী সম্পর্ক আছে? বদলি তো স্বাভাবিক প্রক্রিয়া, হতেই পারে। এর সঙ্গে অন্য কিছু মেলানোর কোনো কারণ নেই।„ সামাজিক যোগাযোগমাধ্যমে এ বদলি নিয়ে সমালোচনা হচ্ছে - এ বিষয়ে প্রতিমন্ত্রী বলেন, ”এটি সরকারের স্বাভাবিক প্রক্রিয়া। সরকারি কর্মকর্তা কোনো পদে স্থায়ী নন। তিনি আসবেন , যাবেন এবং তার কাজ করবেন। কোনো ব্যক্তি কোনো জায়গায় অপরিহার্য নন। „ সারওয়ার আলম নানান উদ্যোগের কারণে মানুষের প্রশংসা কুড়িয়েছিলেন, এজন্য তাকে সরানোয় এত সমালোচনা। এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে আব্দুল বারী বলেন , ”একজন কর্মকর্তা ভালো কাজ করলে মানুষ তাকে পছন্দ করবে , ভালোবাসবে, সেটাই স্বাভাবিক। সরকারি কর্মকর্তার দায়িত্বই হলো ভালো কাজ করা।„ (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৬.২০২৬ রিহাব)

## অজু করার সময় বজ্রপাতে মাদরাসার ৩ শিক্ষার্থী নিহত

নরসিংদীর মনোহরদীতে বজ্রপাতে মাদরাসার তিন শিক্ষার্থী নিহত হয়েছে। আহত হয়েছে আরও একজন। রোববার (২১ জুন) রাতে উপজেলার পাঁচকান্দি এলাকায় এ ঘটনা ঘটে। নিহতরা হলো কিশোরগঞ্জের হোসেনপুরের বাদলের ছেলে জহিরুল ইসলাম, দেলোয়ার হোসেনের ছেলে আবু রায়হান ও একই এলাকার বাসিন্দা আবু জাফর। স্থানীয় সূত্র জানায়, মাগরিবের সময় উপজেলার গোতাশিয়া ইউনিয়নের পাঁচকান্দি মদিনাতুল উলুম মাদরাসার শিক্ষার্থীরা অজু করছিল। এসময় বজ্রপাত হলে চারজন আহত হয়। তাদের উদ্ধার করে শিবপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তিন শিক্ষার্থীকে মৃত ঘোষণা করেন। একজনকে চিকিৎসা দেওয়া হচ্ছে। নরসিংদী সিভিল সার্জন ডা. বুলবুল কবির বজ্রপাতে তিনজন নিহতের বিষয়টি নিশ্চিত করেন। তিনি বলেন , হতাহতদের বয়স ১৩ থেকে ১৫ বছরের মধ্যে। আহত শিক্ষার্থীকে চিকিৎসা দেওয়া হয়েছে। সে এখন ভালো আছে।

(জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৬.২০২৬ রিহাব)

## শাহবাগ মোড় অবরোধ করেছে ছাত্রশিবির

গাইবান্ধায় বিএনপির নেতা -কর্মীদের হামলায় ছাত্রশিবিরের ইউনিয়ন সভাপতি সাইফুল্লাহ নিহতের অভিযোগ উঠেছে। এ ঘটনায় খুনিদের দ্রুত গ্রেফতার ও শাস্তির দাবিতে রাজধানীর শাহবাগ মোড় অবরোধ করেছে ইসলামী ছাত্রশিবির। রোববার (২১ জুন) রাত ১০টায় শাহবাগ মোড় অবরোধ করে তারা। দলীয় সূত্রে জানা গেছে , ছাত্রশিবিরের ঢাকা মহানগর শাখার আয়োজনে আজ রাতে প্রথমে কেন্দ্রীয় শহিদ মিনার প্রাঙ্গণে নেতাকর্মীরা জড়ো হন। সেখান থেকে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। মিছিলটি শাহবাগ মোড়ে এসে শেষ হয়। পরে সেখানে সড়ক অবরোধ করেন নেতাকর্মীরা। এতে মোড়ের একদিকের যানচলাচল বন্ধ রয়েছে। এর আগে , রোববার বিকেল সাড়ে ৩টার দিকে গাইবান্ধা সাঘাটার বোনারপাড়া বাজারের (উপজেলা চত্ব রে) চারমাথা চত্বরে কচুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির বিষয় নিয়ে দুটি পক্ষের মধ্যে তর্কাতর্কি হয়। একপর্যায়ে বোনারপাড়া ইউনিয়নের সাবেক যুবদল সভাপতি মুকুল ও তার ভাই পলাশ ওই ইউনিয়নের শিবির সভাপতি সাইফুল্লাহ বারীর ওপর হামলা করেন। পরে পলাশ

সাইফুল্লাহ বারীর গলায় লোহার শাবল দিয়ে জোরে আঘাত করেন। এসময় সাইফুল্লাহ বারীর সঙ্গে থাকা তার বন্ধু সালাউদ্দিনকেও (৩০) ছুরিকাঘাত করেন তারা। (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৬.২০২৬ রিহাব)

## মরদেহ রেললাইনে রাখেন জিয়াউল, কিছুক্ষণ পর ওপর দিয়ে ট্রেন চলে যায়

আওয়ামী লীগের শাসনামলে গুম -খুনের ঘটনায় অভিযুক্ত সাবেক সেনা কর্মকর্তা জিয়াউল আহসান একবার মধ্যরাতে বস্তাবন্দি একটি মরদেহ রেললাইনের ওপর তুলে রেখেছিলেন। কিছুক্ষণ পর একটি ট্রেন সেটির ওপর দিয়ে চলে যায়। আরেক রাতে জাফলং সীমান্ত থেকে ফেরার পথে তিনি গাড়ি থামিয়ে ভারত থেকে আনা দুই বন্দির মাথায় পিস্তল ঠেকিয়ে গুলি করেন। এসব ঘটনার প্রত্যক্ষদর্শী হিসেবে নিজেকে দাবি করে রোববার (২১ জুন) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১-এ এমন জবানবন্দি দিয়েছেন একসময় জিয়াউল আহসানের রানার বা ব্যক্তিগত নিরাপত্তা সদস্য হিসেবে দায়িত্ব পালন করা সেনা সদস্য ইমরুল কায়েস। তার ভাষ্য, মাত্র এক বছর তিন থেকে চার মাসের মধ্যে তিনি জিয়াউল আহসানের নেতৃত্বে ১৫০ থেকে ২০০ মানুষকে গুলি, ইনজেকশন ও অন্যান্য উপায়ে হত্যা করতে দেখেছেন। তার দাবি, বিবেকের তাড়নায় তিনি এই জবানবন্দি দিয়েছেন। জিয়াউল আহসানের বিরুদ্ধে মামলায় রাষ্ট্রপক্ষে র সাক্ষী ইমরুল জবানবন্দিতে জানান, ২০০১ সালে বাংলাদেশ সেনাবাহিনীতে যোগ দেওয়ার পর তিনি ২০১০ থেকে ২০১২ পর্যন্ত র্যা ব সদরদপ্তরের গোয়েন্দা শাখায় প্রেষণে কর্মরত ছিলেন। ২০০৪ সালে কমান্ডো প্রশিক্ষণের সময় থেকেই জিয়াউল আহসানের সঙ্গে তার পরিচয় এবং পরবর্তীতে সে ই সম্পর্কের সূত্রেই তাকে র্যার বের গোয়েন্দা পরিচালক জিয়াউল আহসানের রানার হিসেবে নিয়োগ দেওয়া হয়। এই সেনা সদস্য জানান, ওই দায়িত্ব পালনের সময় তিনি জিয়াউল আহসানের সঙ্গে দেশের বিভিন্ন স্থানে, বিভিন্ন অভিযানে অংশ নেন এবং ধীরে ধীরে এমন সব ঘটনার সাক্ষী হন, যা তাকে মানসিকভাবে ভেঙে দেয়। তার ভাষায়, ”আমি দেশের জন্য শপথ গ্রহণ করেছি, প্রশিক্ষণও নিয়েছি। তবে তা কখনই দেশের মানুষকে হত্যা করার জন্য নয়।„ (জাগো নিউজ ওয়েব পেজ:২১.০৬.২০২৬ রিহাব)

# রেডিও টুডে

## মালয়েশিয়া পৌঁছেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান

প্রধানমন্ত্রী হিসে বে দায়িত্ব গ্রহণের পর মালয়েশিয়া সরকারের আমন্ত্রণে মালয়েশিয়ার রাজধানী কুয়ালালামপুরে এসে পৌঁছেছেন তারেক রহমান। রোববার স্থানীয় সময় সন্ধ্যা ৮টা ৪৫ মিনিটে সময় তিনি কুয়ালালামপুর আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছান। তার সঙ্গে রয়েছেন সহধর্মিণী ডা. জুবাইদা রহমান। এছাড়া রয়েছেন ৮ মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপদেষ্টা। এর আগে, রোববার দুপুর পৌনে ৩টায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ফ্লাইটে মালয়েশিয়ায় উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন প্রধানমন্ত্রী। (রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৬.২০২৬ আসাদ)

## ব্যাংক ঋণ নেওয়ার প্রবণতা থেকে বেরিয়ে আসতে চায়সরকার : অর্থমন্ত্রী

সরকার ব্যাংক ঋণ নেওয়ার প্রবণতা থেকে বেরিয়ে আসতে চায়। বিকল্প অর্থায়ন নিয়ে ভাবা হচ্ছে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরী। আগের সরকারের ঋণের বোঝা নিয়ে কাজ করায় এবারের বাজেট পারফেক্ট নয় বলেও মনে করেন তিনি। রোববার রাজধানীর গু লশানে সেন্টার ফর পলিসি ডায়লগের বাজেট সংলাপে এ কথা বলেন তিনি। বর্তমান বাজেটকে পারফেক্ট না উল্লেখ করে অর্থমন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরী বলেন, সরকার বাজেটের নানা দিক এখনও খতিয়ে দেখছে। এই বাজেট বাস্তবায়ন নিয়ে আমাদের চ্যালেঞ্জ আছে। কর ও জিডিপির অনুপাত ভালো না। পুরো বিশ্বে বর্তমানে বিদেশি ঋণ কমে যাচ্ছে। এ পরিস্থিতির মধ্যে আমাদের বাজেট ঘোষণা করতে হয়েছে। তিনি বলেন, আগের সরকার শুধু ৫০ হাজার কোটি টাকার বিদ্যুৎ বিলই রেখে গেছে। তার উপর মধ্যপ্রাচ্যে সংকটের কারণে ব্যয় বেড়েছে। ফলে মানুষের পুরো অর্থনৈতিক কাঠামোকে আমরা নতু নভাবে দেখছি। এনবিআরের পলিসি বিভাগ আমলাদের দিয়ে চলবে না। সেখানে কর বিশেষজ্ঞরা দায়িত্ব পাবেন। তিনি আরও বলেন, আমাদের এনবিআরকে সচল করতে হবে। অনেকে ট্যাক্স না দেওয়াটাকে ভালো কিছু ভাবেন। এই মানসিকতা থাকলে দেশ এগোবে না। যে-কোনো ব্যক্তি কোনো পণ্য রফতানি করতে চাইলে ই বন্ড সুবিধা পাবেন। আর বন্ড না নিলে কর সুবিধা দেওয়া হবে। স্বাস্থ্য ও শিক্ষাখাতে বাজেট প্রসঙ্গে অর্থমন্ত্রী বলেন, এ বছর মোট বাজেটের ২ শতাংশ শিক্ষাখাতে বরাদ্দ করা হয়েছে। আমি বলবো না, এটি কম হয়েছে। কিন্ত ৫ শতাংশ আমাদের লক্ষ্য। আমরা ইশতেহারেও বলেছি, স্বাস্থ্য খাতে আমরা ৫ শতাংশে যাবো। স্বাস্থ্য ও শিক্ষা ছাড়া আমরা বক্তৃতা দিতে পারবো কিন্তু কোন কিছু অর্জন হবে না। এটি সত্য যে, আপনাকে স্বাস্থ্য ও শিক্ষা্খাতে বিনিয়োগ করতে হবে। আপনার দক্ষতা বাড়াতে হবে। (রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৬.২০২৬ আসাদ)

## এক লাখ স্বাস্থ্যকর্মী ও ২৫ হাজার মিডওয়াইফ নিয়োগ দেবে সরকার

দেশের মানুষের প্রাথমিক স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে সরকার এক লাখ নতুন স্বাস্থ্যকর্মী ও ২৫ হাজার মিডওয়াইফ নিয়োগ দেবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর স্বাস্থ্য বিষয়ক বিশেষ সহকারী এস, এম জিয়াউদ্দিন হায়দার। পর্তুগালের লিসবন সফর শে ষে দেশে ফিরে রোববার সচিবালয়ে সমসাময়িক বিষয়ে সাংবাদিকদের ব্রিফিংয়ে এই তথ্য জানান

জিয়াউদ্দিন হায়দার। তিনি বলেন , প্রাথমিক স্বাস্থ্যসেবাকে শক্তিশালী করে চিকিৎসাব্যবস্থাকে ‘ট্রিটমেন্ট সেন্ট্রিক, ধারা থেকে ‘প্রিভেনশন সেন্ট্রিক, বা প্রতিরোধভিত্তিক ব্যবস্থায় রূপান্ত র করতে চায় সরকার। এজন্য আগামী তিন থেকে চার বছরে এক লাখ নতুন স্বাস্থ্যকর্মী ও ২৫ হাজার মিডওয়াইফ নিয়োগের পরিকল্পনা হাতে নিয়েছে। একইসঙ্গে ইউনিয়ন ও ওয়ার্ডভিত্তিক প্রাথমিক স্বাস্থ্য ইউনিট গড়ে তোলা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সগুলোকে ১০০ শয্যায় উন্নীত করা এবং মা ও নবজাতকের সমন্বিত সেবা নিশ্চিত করার উদ্যোগ নেওয়া হচ্ছে বলেও জানান।
(রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৬.২০২৬ আসাদ)

## বগুড়ায় শিশু রিফাত অপহরণ-হত্যা, পাঁচজনের মৃত্যুদণ্ড

বগুড়ার শাজাহানপুরে শিশু রিফাত হোসেনকে অপহরণ করে হত্যা এবং মরদেহ গুমের মামলায় পাঁচজনকে মৃত্যুদণ্ড দিয়েছেন আদালত। রোববার দুপুরে বগুড়ার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল -১ এর বিচারক মো. আনোয়ারুল হক এ রায় ঘোষণা করেন। রায় ঘোষণার সময় ১১ আসামির মধ্যে আটজন আদালতে উপস্থিত ছিলেন। মৃত্যুদণ্ডপ্রাপ্ত ব্যক্তিরা হলেন - শাজাহানপুর উপজেলার খাদাস ভোলাগাড়ী গ্রামের আবুল কালাম আজাদ ও সাগর , খাদাস তালুকদারপাড়া গ্রামের সেলিম ইসলাম ও মেহেদী হাসান এবং খাদাস মাঠপাড়া গ্রামের রাজু ইসলাম ওরফে পাঁচফুল। তাদের মধ্যে সেলিম ইসলাম ও সাগর দীর্ঘদিন ধরে পলাতক রয়েছেন। একইসঙ্গে তাদের প্রত্যেককে দুই লাখ টাকা করে অর্থদণ্ড করা হয়েছে। এছাড়া ঘটনার সময় নাবালক ছিল এমন আরও পাঁচজনকে ১০ বছর করে কারাদণ্ড দেওয়া হয়েছে। তাদের বিরুদ্ধে আনিত অভিযোগ প্রমাণিত হওয়ায় আদালত তাদের দণ্ডিত করেছেন। ঘটনার সময় শিশু ছিল এমন পাঁচ আসামি সজিব হাসান , মফিজুল ইসলাম, জাহিদ হাসান, বোরহান আলী ও বায়েজিদ হোসেন। তাদেরকে শিশু আইন, ২০১৩ অনুযায়ী ১০ বছর করে কারাদণ্ড দেওয়া হয়েছে। বর্তমানে তাদের বয়স ১৮ বছরের বেশি হওয়ায় জেলা কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছেন আদালত। আদালত ও রাষ্ট্রপক্ষ সূত্রে জানা গেছে , নিহত রিফাত হোসেন শাজাহানপুর উপজেলার খাদাস হাটখোলা এলাকার প্রবাসী এনামুল হকের ছেলে। আসামিরা সবাই রিফাতের পরিবারের প্রতিবেশী ও পরিচিতজন। রাষ্ট্রপক্ষের আইনজীবী ও ট্রাইব্যুনালের সরকারি কৌঁসুলি অ্যাডভোকেট মো . আলী আসগর বলেন , ২০১৮ সালের ১৫ জুলাই বিকেলে রিফাত নিখোঁজ হয়। পরিবারের সদস্যরা বিভিন্ন স্থানে খোঁজাখুঁজি করেও তার সন্ধান না পেয়ে থানায় সা ধারণ ডায়েরি করেন। তিনদিন পর পাশের পোয়ালগাছা গ্রামের ভদ্রাবতী সেতুর নিচে শিশুটির মরদেহ উদ্ধার করে পুলিশ। এ ঘটনায় রিফাতের বাবা এনামুল হক শাজাহানপুর থানায় ১১ জনকে আসামি করে মামলা করেন। মামলার বিচার চলাকালে এক আসামি মাসুদ রানা মারা যান। ফলে তার নাম মামলা থেকে বাদ দেওয়া হয়। (রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৬.২০২৬ আসাদ)

## সাইবারে ও অনলাইনে নারী হয়রানির মামলা খারিজের প্রশ্নে হাইকোর্টের রুল জারি

সাইবার যৌন হয়রানি, অনলাইনে নারীর বিরুদ্ধে সহিংসতা, অনুসরণ করে হয়রানি (স্টকিং), ভুয়া পরিচয় ব্যবহার এবং প্রযুক্তিনির্ভর নারী বিদ্বে ষমূলক অপরাধের বিচারাধীন মামলাগুলো স্বয়ংক্রিয়ভাবে বাতিলের বিধান নিয়ে নতুন বিতর্ক তৈরি হয়েছে। এ ধরনের মামলার নিষ্পত্তি ছাড়াই খারিজ হয়ে যাওয়ার সুযোগ রাখা সাইবার সেফটি আইন , ২০২৬-এর একটি ধারার বৈধতা নিয়ে প্রশ্ন তুলে রুল জারি করেছেন হাইকোর্ট। রোববার হাইকোর্টের এ কটি বেঞ্চ এ-সংক্রান্ত রিট আবেদনের প্রাথমিক শুনানি শেষে সংশ্লিষ্ট পক্ষগুলোর কাছে ব্যাখ্যা চেয়েছেন। আদালত জানতে চেয়েছেন , আইনের ৫০(৫) ধারা যেভাবে বিভিন্ন সাইবার অপরাধসংক্রান্ত বিচারাধীন মামলা খারিজ বা বিলুপ্ত করার সুযোগ দিয়েছে , তা কেন আইনগত কর্তৃত্বের সীমা অতি ক্রমকারী এবং অকার্যকর ঘোষণা করা হবে না। আদালতের রুলে একটি নির্দিষ্ট মামলার খারিজ আদেশ নিয়েও প্রশ্ন তোলা হয়েছে। বরিশালের সাইবার ট্রাইব্যুনালে চলমান একটি মামলাকে সংশ্লিষ্ট ধারার ভিত্তিতে খারিজ করার সিদ্ধান্ত কেন অবৈধ ও অসাংবিধানিক ঘোষণা করা হবে না , সে বিষয়েও জবাব চাওয়া হয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৬.২০২৬ আসাদ)

## সরকারি চাকরিতে ৫ লাখ নিয়োগের পরিকল্পনা

বিভিন্ন সরকারি দপ্তরে শূন্য পদ পূরণের জন্য ইতোমধ্যে ৬ মাস, ১ বছর এবং ৫ বছর মেয়াদি কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। এ কর্মপরিকল্পনা অনুযায়ী , আগামী পাঁচ বছরে পাঁ চ লাখ সরকারি কর্মচারী নিয়োগ করা হবে বলে জানিয়েছেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী মো . আব্দুল বারী। রবিবার ত্রয়োদশ জাতীয় সংসদের দ্বিতীয় ও প্রথম বাজেট অধিবেশনের ১১তম দিনে চট্টগ্রাম -১৩ আসনের সংসদ সদস্য সরওয়ার জামাল নিজামের প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী এ তথ্য জানান। অধি বেশনে সভাপতিত্ব করেন স্পিকার হাফিজ উদ্দিন আহমদ। প্রতিমন্ত্রী বলেন , ”দেশের বিভিন্ন মন্ত্রণালয় ও সরকারি দপ্তরে বর্তমানে ৪ লাখ ৬৮ হাজার ২২০টি পদ শূন্য রয়েছে। এসব পদে নিয়োগের জন্য সরকার ৬ মাস, ১ বছর ও ৫ বছর মেয়াদি কর্মপরিকল্পনা গ্রহণ করেছে। তিনি বলেন , গত ৩১ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত সরকারি কর্মচারীদের জনবলসংক্রান্ত হালনাগাদ তথ্যের ভিত্তিতে প্রকাশিত স্ট্যাটিসটিক্স অব পাবলিক সার্ভেন্টস ২০২৪ অনুযায়ী বর্তমানে সরকারি দপ্তরগুলোতে মোট শূন্য পদের সংখ্যা ৪ লাখ ৬৮ হাজার ২২০।
(রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৬.২০২৬ আসাদ)

## চোখ রাঙাচ্ছে ডেঙ্গু; একদিনে ২ মৃত্যু, চলতি মাসেই আক্রান্ত ১৭০৩

গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু আক্রান্ত হয়ে দেশে দুইজনের মৃত্যু হয়েছে বলে জানিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। এদের মধ্যে একজনের ঢাকায় এবং একজনের বরিশালে মৃত্যু হয়েছে। রবিবার ডেঙ্গু নিয়ে স্বাস্থ্য অধিদপ্তরের দেওয়া নিয়মিত সং বাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। এতে বলা হয়েছে, চলতি বছরে ডেঙ্গু আক্রান্ত হয়ে এখন পর্যন্ত ৯ জনের মৃত্যু হয়েছে। এর মধ্যে জুন মাসেই চারজনের মৃত্যু হয়েছে। এ ছাড়া জানুয়ারি ও ফেব্রুয়ারিতে দুইজন এবং মে মাসে একজনের মৃত্যুর তথ্য দিয়েছে অধিদপ্তর । প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, গত ২৪ ঘণ্টায় দেশে ২২০ জন ডেঙ্গু আক্রান্ত রোগী শনাক্ত হয়েছে। এদের মধ্যে সবচেয়ে বেশি ঢাকা বিভাগে , ৯৩ জন। এ ছাড়া বরিশালে ৫৪, খুলনাতে ৫২ এবং চট্টগ্রাম বিভাগে ১৬ জনের শনাক্ত হয়েছে ডেঙ্গু। (রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৬.২০২৬ আসাদ)

## আলোচিত ৩ ইউনিয়নের নতুন নাম নির্ধারণে হবে গণশুনানি

প্রধানমন্ত্রী কার্যালয়ের চিঠি পাওয়ার পর বগুড়ার শিবগঞ্জ ও নবগঠিত মোকামতলা উপজেলার আলোচিত তিনটি ইউনিয়নের নাম বাতিলপূর্বক পরিবর্তনের কাজ শুরু করেছেন জেলা প্রশাসক। তিনটি ইউনিয়নের নামই চূড়ান্ত করা হবে গণশুনানির পর। ইতোমধ্যে প্রধানমন্ত্রী তারেক রহমানের নির্দেশনার চিঠি জেলায় এসে পৌঁছেছে। এর পরই জেলা প্রশাসন থেকে এ বিষয়ে স্থানীয় উপজেলা নির্বাহী কর্মকর্তাসহ সংশ্লিষ্টদের নির্দেশনা দেওয়া হয়েছে। বগুড়া জেলা প্রশাসক মো . তৌফিকুর রহমান কালের কণ্ঠকে জানান , শিবগঞ্জ ও নবগঠিত মোকা মতলা উপজেলায় নবগঠিত `মীরবাড়ি,, `সীমান্ত, ও `দিগন্ত, ইউনিয়নের নাম পরিবর্তনের বিষয়ে শনিবার বিকেলে প্রধানমন্ত্রীর কার্যালয়ের চিঠি জেলা প্রশাসকের কার্যালয়ে পৌঁছেছে। চিঠিতে আগের নাম পরিবর্তন করে স্থানীয় জনগণের মতামত নিয়ে এলাকার ইতিহাস-ঐতিহ্য এবং ভৌগোলিক পরিচিতি কে গুরুত্ব দিয়ে পুনরায় গণশুনানি করতে বলা হয়েছে। এর আগে , শুক্রবার বিকেল সাড়ে ৪টার দিকে প্রধানমন্ত্রী তারেক রহমান বগুড়া জেলা প্রশাসককে ফোন করে নবগঠিত ইউনিয়নগুলোর নাম পরিবর্তনের নির্দেশনা দেন। (রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৬.২০২৬ আসাদ)

## মালয়েশিয়ার কারাগারে থাকা বাংলাদেশিদের মুক্ত করতে চেষ্টা চালাবো : প্রধানমন্ত্রী

মালয়েশিয়ায় অনেক বাংলাদেশি আটকে আছে জানিয়ে প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, এখানে আটক দুই হাজারের বেশি মানুষকে কীভাবে মুক্ত করা যায়, সে বিষয়ে সরকারের সঙ্গে আলোচনা করবো। রোববার প্রধানমন্ত্রী হিসেবে প্রথম সফরে মালয়েশিয়ায় পৌঁছে প্রবাসী বাংলাদেশিদের সঙ্গে এক মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন। এ সময় প্রধানমন্ত্রীর স্ত্রী ডা. জুবাইদা রহমানও তার সঙ্গে ছিলেন। শ্রমিকদের উন্নত প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, যে-সব শ্রমিক বিদেশে আসবেন, তাদের ভাষা শেখানোর পাশাপাশি ট্রেনিংও দেবে সরকার। এরজন্য দেশের টেকনিক্যাল ইনস্টিটিউশন আপডেট করা হবে। আগামী ১০ বছরে কোথায় কোথায় কাজ নিয়ে বাংলাদেশিরা যেতে পারেন, তা নিয়ে কাজ করছে সরকার। মালয়েশিয়া অবস্থানকারী বাংলাদেশিদের প্রশংসা করে তিনি বলেন, ১৪ সালে এসেছিলাম। আজ এসে দেখলাম, এ দেশের রাস্তা বাংলাদেশের চেয়েও পরিষ্কার। এই রাস্তা পরিষ্কার রাখতে বাংলাদেশিরাও সহযোগিতা করছে। তাহলে আমরা দেশকে কেন পরিষ্কার রাখতে পারবো না? মালয়েশিয়া প্রবাসীদের কাজ করার সুযোগ বাড়াতে কাজ করবেন জানিয়ে তারেক রহমান বলেন, সরকার গঠনের পর মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আমন্ত্রণ জানিয়েছিলেন। তাই এখানে আসা। সফরে এসে এখানে যারা কাজ করছেন, আবার অনেকেই যারা দেশ থেকে অন্যদের আনতে চান, সে সব বিষয় নিয়ে কথা বলবো। বাংলাদেশে বিনিয়োগের জন্য মালয়েশিয়ার আইটি ব্যবসায়ীদের আমন্ত্রণ জানানো হবে বলেও তিনি জানান। (রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৬.২০২৬ আসাদ)

## দেশের ছয় জেলায় বজ্রপাতে শিক্ষার্থীসহ ১১ জনের মৃত্যু

ঢাকা, নরসিংদী ও মানিকগঞ্জসহ দেশের ছয়টি জেলায় তীব্র ঝড়-বৃষ্টির সময় আকস্মিক বজ্রপাতে ৩ মাদ্রাসাশিক্ষার্থী ও ৬ কৃষকসহ মোট ১১ জনের মৃত্যু হয়েছে। আজ রোববার বিকেল থেকে সন্ধ্যা রাতের মধ্যে পৃথক পৃথক স্থানে এই দুর্ঘটনাগুলো ঘটে। এ ঘটনায় আরও কয়েকজন গুরুতর আহত হয়েছেন। নিহতদের মধ্যে বেশির ভাগই মাঠে ও হাওরে কর্মরত শ্রমজীবী মানুষ। এদের মধ্যে নরসিংদীর মাধবদীতে মাগরিবের নামাজের ওজু করার সময় ৩ মাদ্রাসাছাত্রের মৃত্যু হয়েছে। নিহত শিক্ষার্থীরা হলো- জহিরুল হক (১৫), আবু রায়হান (১৪) ও আবু জাফর (১৫)। তাদের সবার বাড়ি কিশোরগঞ্জের হোসেনপুর উপজেলায়। তারা ওই মাদ্রাসার ছাত্রাবাসে থেকে পড়াশোনা করত। শিবপুর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা মোহাম্মদ মোসতানশির বিল্লাহ জানান, চারজনকে হাসপাতালে আনা হলে তিনজনকে মৃত অবস্থায় পাওয়া যায়। বাকি একজনকে চিকিৎসা দেওয়া হচ্ছে। অন্যদিকে সাভারে ফসলি জমিতে কাজ করার সময় ৩ কৃষকের মৃত্যু হয়েছে। বিকেলে উপজেলার বনগাঁও ইউনিয়নের কোন্ডা এলাকায় এই ঘটনা ঘটে। নিহতদের মধ্যে দুইজনের পরিচয় পাওয়া গেছে। তারা হলেন- দ্বীন ইসলাম (৪৫) ও দুলাল (৬০)। অপর নিহত যুবকের (আনুমানিক ৩৫) পরিচয় এখনও শনাক্ত করা যায়নি। রবিবার সন্ধ্যায় বজ্রপাতে মানিকগঞ্জের সিংগাইরে হাল চাষের সময় ২ কৃষকের মৃত্যু হয়েছে। নিহতরা হলেন- কাঞ্চননগর গ্রামের কবির হোসেন (৩০) এবং শহিদুল ইসলাম

(২৫)। জামালপুরের মাদারগঞ্জে রবিবার সন্ধ্যায় ঘাস কাটতে গিয়ে বজ্রপাতে এক বৃদ্ধের মৃত্যু হয়েছে। নিহত বৃদ্ধের নাম মুসা ফকির। একইভাবে নেত্রকোণার বারহাট্টায় রবিবার দুপুরের দিকে মাঠ থেকে গরু আনতে গিয়ে প্রাণহানি হারিয়েছেন এক যুবক। নিহত যুবকের নাম জাহাঙ্গীর আলম। রবিবার সন্ধ্যায় বজ্রপাতের ঘটনায় কিশোরগঞ্জের নিকলিতে হাওরের নৌকা চালাতে গিয়েও বাবুল সরকার নাম এক মাঝি নিহত হয়েছেন।
(রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৬.২০২৬ আসাদ)

**জনগণ আ. লীগের মতো বিএনপিকে দেশছাড়া করবে : শিবির সভাপতি**

গাইবান্ধার সাঘাটার বোনারপাড়া ইউনিয়ন শাখার সভাপতি সাইফুল্লাহ বারীকে হত্যার প্রতিবাদে রোববার রাতে রাজধানীতে বিক্ষোভ মিছিল সমাবেশ করেছে ইসলামী ছাত্রশিবির। এতে সংগঠনটির সভাপতি নুরুল ইসলাম সাদ্দাম বলেছেন, ২০ বছর ধরে রাজপথে একসঙ্গে লড়াই করলেও ক্ষমতায় এসে বিএনপি খুনের রাজনীতি শুরু করেছে। এটি পরিহার না করলে জনগণ আওয়ামী লীগের মতো বিএনপিকে দেশছাড়া করবে। স্কুলের ম্যানেজিং কমিটি গঠন নিয়ে বিরোধে রোববার বিকেলে সাঘাটায় প্রকাশ্যে সাইফুল্লাহকে হত্যা করেন স্থানীয় যুবদল নেতা মোখলেসুর রহমান মুকুল, তার ভাই পলাশসহ কয়েকজন। এর প্রতিবাদে রাতে কেন্দ্রীয় শহিদ মিনার থেকে মিছিল করে শাহবাগ যান শিবিরের নেতাকর্মীরা। তারা হত্যার বিচার দাবি করেন। শাহবাগে সমাবেশে শিবির সভাপতি বলেন, সাইফুল্লাহর খুনিদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তি না দিলে ছাত্রসমাজ রাজপথে তীব্র আন্দোলন গড়ে তুলতে বাধ্য হবে। বর্তমান বিএনপির সঙ্গে ফ্যাসিস্ট আওয়ামী লীগের কোনো পার্থক্য নেই। যারা ক্ষমতার মোহে সন্ত্রাস, খুন, চাঁদাবাজি ও ফ্যাসিস্ট পুনর্বাসনের কার্যক্রম পরিচালনা করছেন, তারা এখনই সতর্ক না হলে পাঁচ বছর রাষ্ট্রীয় ক্ষমতায় টিকে থাকতে পারবেন না। (রেডিও টুডে ওয়েব পেজ:২১.০৬.২০২৬ আসাদ)

# BBC

**FUEL SALES HALTED IN OCCUPIED CRIMEA AS UKRAINE TARGETS OIL FACILITIES**

Russian-backed authorities have suspended fuel sales to the public in the occupied region of Crimea as Ukraine continues its attacks on the peninsula. Fuel had already been rationed due to shortages caused by Ukraine's recent campaign against supply routes in Russian-occupied territories. Governor Sergey Aksyonov said individuals and businesses would be turned away from petrol stations, and fuel would only be sold to government agencies enduring Crimea's "functioning and security". Crimea - which Russia illegally annexed in 2014 - has been experiencing logistical difficulties and shortages, but this appears to be its most significant fuel restriction so far. (BBC News Web Page: 21/06/26, FARUK)

**US AND IRAN BEGIN TALKS ON INITIAL PEACE DEAL IN SWITZERLAND**

US and Iranian officials have arrived in Switzerland for direct talks after signing an initial agreement to end the war last week. The deal includes a commitment to reach a final agreement within 60 days, as well as an end to hostilities on "all fronts" - including in Lebanon - and the reopening of the Strait of Hormuz. But ongoing clashes between Israel and the Iran-backed Hezbollah in Lebanon prompted Iran to announce it had shut the vital shipping route on Saturday - though tracking data shows vessels have continued to pass through it. Vice-President JD Vance said the US hoped for progress on "the nuclear issue" and Lebanon, while Tehran said it would be "demanding that the other side fulfil its commitments". Vance was joined at the Burgenstock mountaintop resort by US President Donald Trump's son-in-law Jared Kushner and special envoy Steve Witkoff. For the Iranians , parliamentary speaker Mohammad Bagher Ghalibaf and Foreign Minister Abbas Araghchi arrived in Switzerland late on Saturday. The delegations were joined by Pakistan's Prime Minister Shehbaz Sharif and the head of the country's armed forces, Field Marshal Asim Munir. Pakistan has acted as a mediator throughout the war, and hosted a previous round of negotiations between the US and Iran. (BBC News Web Page: 21/06/26, FARUK)

**COLOMBIA'S ESCALATING, BRUTAL INTERNAL CONFLICT IS DEFINING ITS PRESIDENTIAL ELECTION**

Colombia's six decades of conflict between armed groups, the state and cartels has liked hundreds of thousands of people. It isn't new, but illegal armed groups have roughly doubled their membership in the last five years. These include Revolutionary Armed Forces of Colombia (FARC) dissident fractions, the National Liberation Army (ELN) and the Clan del Golfo, who have expanded their control of rural areas key to drug trafficking and illegal mining. A brutal offensive between the ELN and FARC dissidents near the Venezuela-Colombia border last year displaced tens of thousands of people. The two presidential

candidates have starkly different visions for tackling this violence, in a campaign marked by the assassination of a presidential candidate, homicides, kidnappings and bombings.
(BBC News Web Page: 21/06/26, FARUK)

**FRANCE BANS ALCOHOL AT MUSIC FESTIVAL EVENTS UNDER RED HEATWAVE ALERT**

France has banned alcohol at some events at a massive national music festival on Sunday as a heatwave pushes temperatures towards record levels. Annual Fete del la Musique celebrations draw millions to the streets across France. But with a third of the country covered by the most serious heatwave warnings, the government has banned alcohol consumption in public places under the red alerts. "For all events organized by the state and its agencies, instructions have been given not to offer alcohol," the office of Prime Minister Sebastien Lecornu said. Temperatures of 39-40C are expected from the southwest through the Paris region into Burgundy on Sunday, with some areas possibly reaching 41C. Temperatures have been forecast to peak on Monday, and authorities have warned they could match historic highs. (BBC News Web Page: 21/06/26, FARUK)

**TIGHT SECURITY AS INDIAN STUDENTS RESIT MEDICAL EXAM AFTER ALLEGED PAPER LEAK**

Millions of hopeful medical students across India are resitting a crucial exam under unprecedented security, after the first paper was cancelled following allegations that the questions had been leaked. Nervous students were met with biometric identification checks, metal detectors, armoured patrols and frisking at exam centres on Sunday morning. Leaving nothing to chance this time, the Indian Air Force transported the new test papers to some regions, while police and paramilitary officers were deployed at the 5,440 exam centres across the country. The National Eligibility cum Entrance Test (Undergraduate), known as NEET-UG, is required for students to join medical colleges in India.
(BBC News Web Page: 21/06/26, FARUK)

**ISRAELI STRIKES KILL SIX PEOPLE IN GAZA INCLUDING AL JAZEERA CAMERAMAN: OFFICIALS**

Israeli strikes in Gaza have killed at least six people, including an Al Jazeera cameraman and at least one child, according to health officials and rescuers. Al Jazeera said it "strongly condemns the heinous crime of targeting and killing" of its correspondent Ahmed Wishah, who was killed in a strike on a central Gaza home on Saturday. The Israel Defense Forces (IDF) accused Wishah of being "a terrorist in Hamas military wing who served as a sniper operative". Gaza's Hamas-run health ministry, whose figures the UN regards as reliable, says the Israeli military has killed 1,007 people since a ceasefire between Israel and Hamas came into effect last October. The IDF said that Wishah in recent months had advanced sniper attack plans against Israeli troops, without providing evidence.
(BBC News Web Page: 21/06/26, FARUK)

**UKRAINE STRIKES HIT OIL FACILITIES IN CRIMEA, RUSSIA'S KRASNODAR**

At least four people have been killed in Ukrainian drone attacks on Crimea that have hit an oil depot and fuel facilities that Russia uses to supply its forces, Russian-installed authorities say. Crimea's Moscow-installed leader, Sergey Aksyonov, said at least 28 people were wounded in the attacks overnight into Sunday. Separately, local authorities in Russia's Krasnodar region just east of Crimea said a Ukrainian drone attack on an oil transport facility killed one person on a passenger ferry and set an oil terminal ablaze. The Russian Ministry of Defence said 239 Ukrainian drones were shot down overnight. President Volodymyr Zelensky confirmed Ukraine had hit an oil depot in the Crimean city of Kerch and an oil transport facility in Krasnodar. (BBC News Web Page: 21/06/26, FARUK)

## :: THE END ::